স্বাগতম

এই মোটরসাইকেল আপনাকে একটি চ্যালেঞ্জ করে এই যন্ত্রটি সম্পর্কে জানার জন্য, একটি দুঃসাহসিক অভিযানের চ্যালেঞ্জ। আপনি বায়ুর মধ্য দিয়ে চালনা করেন, সড়কের সাথে একটি মোটরসাইকেলের মাধ্যমে সম্পর্কযুক্ত থাকেন যা আপনার নির্দেশে সাড়া দেয় যেরকমটি অন্য কেউ করে না। একটি অটোমোবাইলের তুলনায় এখানে আপনার চারপাশে কোন ধাতব খাঁচা নেই। একটি বিমানের মতো একটি প্রাক চালনা পরিদর্শন এবং নিয়মিত রক্ষনাবেক্ষন আপনার নিরাপত্তার জন্য প্রয়োজনীয়। আপনার পুরষ্কার হচ্ছে স্বাধীনতা।

নিরাপদভাবে চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্য এবং দুঃসাহসিক অভিযান সম্পূর্ণরূপে উপভোগ করার জন্য আপনাকে এই মোটরসাইকেল চালানোর আগে এই ব্যবহারকারীর নির্দেশিকার সাথে ভালোভবে জানাশোনা থাকতে হবে।

যখন আপনি এই নির্দেশিকা পড়বেন আপনি তথ্য দেখতে পাবেন যার আগে একটি **নোটিশ** প্রতীক দেওয়া হয়েছে। এই তথ্য আপনার মোটরসাইকেল, অন্যান্য সম্পত্তি বা পরিবেশের ক্ষতি এড়ানোর জন্য আপনাকে সাহায্য করার জন্য পরিকল্পিত হয়েছে।

যখন সেবার প্রয়োজন হবে মনে রাখবেন যে আপনার হোন্ডা ডিলার আপনার মোটরসাইকেল সম্পর্কে জানে। যদি আপনার প্রয়োজনীয় যান্ত্রিক জ্ঞান ও হাতিয়ারসমূহ থাকে আপনাকে ডিলার একটি দাপ্তরিক হোন্ডা সপ ম্যানুয়াল পরিশোধের ভিত্তিতে সরবরাহ করতে পারে যার মাধ্যমে আপনি অনেক রক্ষনাবেক্ষন এবং মেরামত কাজ সম্পাদন করতে পারবেন। ব্যাখ্যাতে প্রদর্শিত সরঞ্জামসমূহ প্রমিত যন্ত্রের অংশ না।

যেকোনো প্রশ্ন বা সহায়তার জন্য অনুগ্রহ করে বাংলাদেশ হোন্ডা হেল্পলাইন নাম্বারঃ **০৮ ০০০ ৪৩০ ৪৩০** (টোল ফ্রি) নম্বরে কল করুন: যোগাযোগের সময় - সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন এবং সরকারি ছুটি ব্যতীত)।
ওয়েব: www.bdhonda.com, ইমেইল: info@bdhonda.com, ফেইসবুক: facebook.com/bdhondaoffical/

আনন্দময় ভ্রমন এবং একটি হোন্ডা বাছাই করে নেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ !

- বিশদ বিবরনসমূহ প্রতিটি স্থানের সাথে পরিবর্তিত হতে পারে।

গুরুত্বপূর্ণ তথ্য

- **চালক এবং যাত্রী**

  এই মোটরসাইকেলটি যাতে চালক এবং একজন যাত্রী বহন করতে পারে সেইভাবে ডিজাইন করা হয়েছে। সর্বোচ্চ ওজন ধারণক্ষমতা সীমা কখনো অতিক্রম করবেন না।

- **সড়কে ব্যবহার**

  এই মোটরসাইকেলটি কেবলমাত্র সড়কে ব্যবহারের জন্য ডিজাইন করা হয়েছে।

- **ব্যবহারকারীর নির্দেশিকা সতর্কতার সাথে পড়ুন**

  সম্পূর্ণ নির্দেশিকায় প্রদত্ত নিরাপত্তা বার্তার প্রতি বিশেষ মনোযোগ দিন।

  এই নির্দেশিকাটি মোটরসাইকেলের একটি স্থায়ী অংশ হিসেবে বিবেচিত হবে এবং পুনরায় বিক্রয়ের সময় মোটরসাইকেলের সাথে থাকতে হবে।

এই প্রকাশনার সমস্ত তথ্য সর্বশেষ উৎপাদন তথ্যের উপর ভিত্তি করে মুদ্রিত। হোন্ডা মোটর কোং লিঃ যেকোন সময় কোন রকম নোটিশ বা কোনরকম বাধ্যবাকতা ব্যতিরেকে যেকোন ধরণের পরিবর্তন সাধন করার অধিকার রাখে।
এই প্রকাশনার কোন অংশই লিখিত অনুমতি ব্যতীত পুনঃউৎপাদন করা যাবে না।

সূচীপত্র

পৃষ্ঠা

ক্যাটালাইটিক কনভার্টার ---------- ১

নিরাপত্তা সম্পর্কিত কিছু কথা---------- ২

মোটরসাইকেলের নিরাপত্তা ---------- ৩

গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য---------- ৩

প্রতিরক্ষামূলক পোশাক---------- ৪

বোঝাই সীমা ও নির্দেশনা---------- ৫

চুরি প্রতিরোধে টিপস---------- ৭

যন্ত্রাংশের অবস্থান---------- ৮

সিরিয়াল নম্বর---------- ১০

যন্ত্রপাতি ও ইনডিকেটর---------- ১০

প্রধান উপাদানসমূহ---------- ১৭

(এই মোটরসাইকেলটি পরিচালনায় গুরুত্বপূর্ণ তথ্য)

সাসপেনশন---------- ১৭

ব্রেক---------- ১৮

ক্লাচ---------- ২০

ফুয়েল---------- ২১

পৃষ্ঠা

এভাপোরেটিভ ইমিশন কন্ট্রোল সিস্টেম ---------- ২৩

ইঞ্জিন অয়েল---------- ২৪

টায়ার---------- ২৫

গুরুত্বপূর্ণ একক

উপাদান সমূহ---------- ২৮

ইগনিশন সুইচ---------- ২৮

ডান হ্যান্ডেলবার নিয়ন্ত্রণ---------- ২৯

বাম হ্যান্ডেলবার নিয়ন্ত্রণ---------- ২৯

ফিচার্স---------- ৩০

(পরিচালনার জন্য প্রয়োজন নেই)

স্টিয়ারিং লক ---------- ৩০

হেডলাইট এইম ভার্টিকাল এডজাস্টমেন্ট ---------- ৩১

হেলমেট হোল্ডার ---------- ৩১

সিট ---------- ৩২

বামদিকের কভার ---------- ৩৩

আন্ডারকাউল ---------- ৩৪

ডকুমেন্ট ব্যাগ---------- ৩৪

স্টোরেজ কম্পার্টমেন্ট---------- ৩৫

সূচিপত্র

পৃষ্ঠা

অপারেশন---------- ৩৫
প্রি রাইড ইন্সপেকশন---------- ৩৫
ইঞ্জিন চালু করা---------- ৩৬
রানিং- ইন/ চলমান---------- ৩৮
রাইডিং---------- ৩৯
ব্রেকিং---------- ৩৯
পার্কিং---------- ৪১
মেইনটেনেন্স---------- ৪২
মেইনটেনেন্স গুরুত্ব---------- ৪২
মেইনটেনেন্স নিরাপত্তা---------- ৪২
নিরাপত্তা পূর্বসতর্কতা---------- ৪৩
মেইনটেনেন্স সময়সূচী---------- ৪৪
টুল কিট ও ফার্স্ট এইড কিট ---------- ৪৭
কালার কোড---------- ৪৭
ইঞ্জিন অয়েল---------- ৪৭
ক্র্যাঙ্ককেস ব্রিদার---------- ৫০
স্পার্ক প্লাগ---------- ৫০
আইডেল স্পিড ---------- ৫২
থ্রোটল অপারেশন---------- ৫৩

পৃষ্ঠা

এয়ার ক্লিনার---------- ৫৩
ড্রাইভ চেইন---------- ৫৫
সামনের ও পিছনের সাসপেনশন ইন্সপেকশন---------- ৫৯
সাইড স্ট্যান্ড---------- ৫৯
চাকা রিমুভাল---------- ৬০
ব্রেক প্যাড ক্ষয় (শুধুমাত্র সামনের ব্রেক)---------- ৬২
ব্রেক সু ক্ষয় ---------- ৬৩
ব্যাটারি---------- ৬৩
ফিউজ রিপ্লেসমেন্ট---------- ৬৫
স্টপ লাইট সুইচ অ্যাডজাস্টমেন্ট---------- ৬৭
বাল্ব পরিবর্তন---------- ৬৭
পরিষ্কার করা---------- ৭০
স্টোরেজ গাইড---------- ৭২
স্টোরেজ ---------- ৭২
স্টোরেজ থেকে রিমুভাল---------- ৭৩
স্পেসিফিকেশন ---------- ৭৪

ক্যাটালাইটিক কনভার্টার

এই মোটরসাইকেলে ক্যাটালাইটিক কনভার্টার আছে।

ক্যাটালাইটিক কনভার্টারে মূল্যবান ধাতু থাকে যা অনুঘটক হিসেবে কাজ করে এবং ধাতুগুলোকে প্রভাবিত না করে নিষ্কাশন গ্যাসে রূপান্তরের জন্য রাসায়নিক বিক্রিয়াকে বেগবান করে।

ক্যাটালাইটিক কনভার্টার HC (হাইড্রোকার্বন), CO (কার্বন মনোঅক্সাইড), NOx (নাইট্রোজেন অক্সাড) এর উপর কাজ করে।
প্রতিস্থাপিত ইউনিটটি অবশ্যই আসল হোন্ডার অংশ অথবা তার সমতুল্য হতে হবে।

রাসায়নিক বিক্রিয়া চালুর জন্য ক্যাটালাইটিক কনভার্টারকে অবশ্যই উচ্চ তাপমাত্রায় কাজ করাতে হয়। এটি এর নিকটে আসা যেকোনো দাহ্য পদার্থে আগুন লাগাতে পারে। আপনার মোটরসাইকেলটিকে ঘাস, শুকনো পাতা বা অন্যান্য জ্বলনযোগ্য পদার্থ থেকে দূরে রাখুন।
একটি ত্রুটিপূর্ণ ক্যাটালাইটিক কনভার্টার বায়ু দূষণ করতে পারে এবং আপনার মোটরসাইকেল এর ইঞ্জিনের কর্মদক্ষতার ক্ষতি করতে পারে। আপনার মোটর সাইকেলের ক্যাটালাইটিক কনভার্টারকে রক্ষা করতে নিচের নির্দেশনাগুলো মেনে চলুন।

- সর্বদা লেডবিহীন অকটেন ব্যবহার করুন। এমনকি সামান্য লেডযুক্ত অকটেন ও অনুঘটক ধাতুগুলোকে দূষিত করতে পারে, ক্যাটালাইটিক কনভার্টারকে অকার্যকর করে তোলে।
- ইঞ্জিনটি টিউন-আপ রাখুন।
- আপনার মোটরসাইকেল যদি সঠিকভাবে চালিত না হয়, ব্যাকফায়ারিং স্টলিং হয় তাহলে তা সনাক্ত করুন এবং প্রতিস্থাপন করুন। অন্যথায় এটি ঠিকভাবে চলবে না।

নিরাপত্তা সম্পর্কিত কিছু কথা

আপনার এবং অন্যদের নিরাপত্তা খুবই গুরুত্বপূর্ণ। এই মোটরসাইকেল সঠিকভাবে চালানো একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব।

নিরাপত্তা সম্পর্কে সঠিক সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে আপনাকে সহায়তা করার জন্য আমরা কর্ম-সংকান্ত প্রক্রিয়াসমুহ ও অন্যান্য তথ্য এর লেভেলের উপর নির্দেশিকাতে প্রদান করেছি। এই তথ্যগুলো আপনাকে অথবা অন্যদের আঘাত করতে পারে এমন বিপদ থেকে সতর্ক করবে।

অবশ্যই একটি মোটরসাইকেল চালনা অথবা রক্ষণাবেক্ষণের সাথে সম্পর্কিত সকল বিপদ সম্পর্কে সতর্ক করা সম্ভব না বা বাস্তবিকও না। আপনাকে অবশ্যই নিজস্ব বিচার বুদ্ধি ব্যবহার করতে হবে।

আপনি বিভিন্ন আকারে গুরুত্বপূর্ণ তথ্য খুঁজে পাবেন যাতে সংযুক্ত থাকবেঃ

- **নিরাপত্তা লেভেল**–মোটরসাইকেলটির উপর।
- **নিরাপত্তা বার্তা**–অগ্রবর্তী নিরাপত্তা সংকেত ⚠ এবং তিনটির যেকোনো একটি সিগন্যাল শব্দঃ **বিপদ, সতর্কতা বা সাবধানতা।**
  এগুলোর মানে হলঃ

⚠ বিপদ	আপনি নিহত অথবা মারাত্মকভাবে আহত হতে পারেন যদি আপনি নির্দেশনা অনুসরণ না করেন।
⚠ সতর্কতা	আপনি নিহত অথবা মারাত্মকভাবে আহত হতে পারেন যদি আপনি নির্দেশনা অনুসরণ না করেন।
⚠ সাবধানতা	আপনি আহত হতে পারেন যদি আপনি নির্দেশনা অনুসরণ না করেন।

- **নিরাপত্তা শিরোনাম**–যেমন গুরুত্বপূর্ণ স্মরণ চিহ্ন বা গুরুত্বপূর্ণ নিরাপত্তা পূর্ব সংকেত।
- **নিরাপত্তা শাখা**–যেমন মোটরসাইকেলের নিরাপত্তা।
- **নির্দেশনা সমূহ**–কীভাবে মোটরসাইকেল সঠিকভাবে ও নিরাপদভাবে চালানো যায়।
  এই সম্পূর্ণ নির্দেশিকাটি গুরুত্বপূর্ণ নির্দেশনায় পরিপূর্ণ অনুগ্রহপূর্বক ভাল ভাবে পড়ুন।

মোটরসাইকেলের নিরাপত্তা

গুরুত্বপূর্ণ নিরাপত্তা তথ্য

আপনার মোটরসাইকেল আপনাকে অনেক বছরের সেবা এবং আনন্দ দিতে পারে যদি আপনি নিজের নিরাপত্তার এবং সড়কে সম্মুখীন চ্যালাঞ্জের দায়িত্ব নিতে পারেন।

মোটরসাইকেল চালানোর সময় নিজের নিরাপত্তার জন্য আপনি অনেক কিছু করতে পারেন। এই সংক্রান্ত অনেক তথ্য আপনি এই ম্যানুয়াল এ পাবেন। নিচে সর্বাধিক গুরুত্বপূর্ণ কিছু তথ্য বর্ণিত হল।

সর্বদা হেলমেট পরিধান করুন

এটি একটি প্রমানিত সত্য: হেলমেট ব্যবহার মাথায় আঘাত পাওয়ার সংখ্যা ও প্রকটতা উল্লেখযোগ্য হারে কমিয়ে আনে। তাই সর্বদা হেলমেট পরিধান করুন এবং আপনার পেছনের যাত্রীর জন্যও তা নিশ্চিত করুন। আমরা আরো সুপারিশ করব যেন আপনি চোখে প্রতিরক্ষা ব্যবস্থা, শক্ত বুট, গ্ল্যাভস ও অন্যান্য প্রতিরক্ষামূলক পোশাক পরিধান করেন। (পৃষ্ঠা ৪)

নিজেকে সহজে দৃশ্যমান করুন

কিছু চালক মোটরসাইকেল দেখতে পান না কারণ তারা তাদের খুঁজে পান না। নিজেকে আরো দৃশ্যমান করতে প্রতিবিম্ব তৈরি করে এমন উজ্জ্বল পোশাক পরুন, এমন অবস্থানে থাকুন যাতে ঘুরা বা লেন পরিবর্তনের সময় অন্যান্য চালকগণ আপনাকে দেখতে পারে এবং হর্ন ব্যবহার করুন যা অন্যদের আপনাকে লক্ষ্য করতে সাহায্য করে।

আপনার নির্দিষ্ট সীমার মধ্যে গাড়ি চালান

সীমা অতিক্রম করে গাড়ি চালানো দুর্ঘটনার একটি মুখ্য কারন। নিজস্ব ক্ষমতা বা নির্দেশিত সীমা অতিক্রম করে গাড়ি চালাবেন না। মনে রাখবেন, অ্যালকোহল, মাদক, ক্লান্তি ও অমনোযোগিতা মোটরসাইকেল চালানোর জন্য আপনার বিচক্ষণতা এবং সক্ষমতা উল্লেখযোগ্য হারে হ্রাস করে।

আপনার মোটরসাইকেল নিরাপদ অবস্থায় রাখুন

নিরাপদে চালানোর জন্য প্রতিবার চালানোর আগে মোটরসাইকেলটি পরিদর্শন করা ও সুপারিশকৃত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করুন। কখনো বোঝাই এর সীমা অতিক্রম করবেন না এবং এই মোটরসাইকেলের জন্য সর্বদা হোন্ডা কর্তৃক অনুমোদিত আনুসাঙ্গিক উপকরণ ব্যবহার করুন।

চালানোর সময় মদ্যপান করবেন না

অ্যালকোহল সেবন এবং মোটরসাইকেল চালানো একত্রে করবেন না। এমনকি একটি পানীয় পরিবর্তিত পরিস্থিতিতে আপনার সক্ষমতা হ্রাস করতে পারে এবং আপনি যতই পান করবেন, পরিবর্তিত পরিস্থিতিতে আপনার সাড়া দেওয়ার সময় ততই খারাপ হতে থাকবে। তাই, পান করা এবং গাড়ি চালানো একত্রে করবেন না এবং আপনার বন্ধুকেও দিবেন না।

সুরক্ষামূলক পোশাক

আপনার সুরক্ষার জন্য আমরা কঠোরভাবে সুপারিশ করবো যাতে আপনি মোটরসাইকেল চালানোর সময় সর্বদা অনুমোদিত হেলমেট, চোখের সুরক্ষা, বুট, গ্লাভস, লম্বা প্যান্ট এবং লম্বা হাতওয়ালা শার্ট অথবা জ্যাকেট পরিধান করেন। যদিও সম্পূর্ণ সুরক্ষা সম্ভব নয় , তারপরও যথাযথ পোশাক আহত হবার সম্ভাবনা হ্রাস করতে পারে। নিম্নোক্ত পরামর্শগুলো যথাযথ যন্ত্র বাছাই করতে আপনাকে সাহায্য করতে পারে।

⚠ সতর্কতা

হেলমেট পরিধান না করা মারাত্মক আহত বা দুর্ঘটনায় মৃত্যুর সম্ভাবনা বৃদ্ধি করে।

আপনি এবং আপনার পেছনের যাত্রী যাতে সর্বদা হেলমেট, চোখের সুরক্ষা এবং অন্যান্য প্রতিরক্ষামূলক পোশাক পরিধান করে তা নিশ্চিত করুন।

হেলমেট এবং চোখের সুরক্ষা

মোটরসাইকেল চালানোর সরঞ্জামের মধ্যে অন্যতম হল হেলমেট কারণ এটি মাথার আঘাতের ক্ষেত্রে সর্বাধিক সুরক্ষা প্রদান করে। হেলমেটটি আপনার মাথার জন্য আরামদায়ক এবং নিরাপদ হতে হবে। একটি উজ্জ্বল হেলমেট রাস্তায় আপনাকে আরো দৃশ্যমান করে তুলে যেহেতু এর রেখাচিত্রমালা প্রতিফলিত হবে।

মুখমণ্ডল খোলা এমন হেলমেটের চেয়ে আবৃত মুখমণ্ডলের হেলমেট আপনাকে অধিক সুরক্ষা প্রদান করে। আপনার চোখ ও দেখার সুবিধার জন্য সর্বদা মুখাবরণ অথবা চশমা ব্যবহার করুন।

গাড়ি চালানোর অতিরিক্ত সরঞ্জাম

হেলমেট এবং চোখের সুরক্ষার সাথে আমরা আরো সুপারিশ করছিঃ

- পায়ের পাতা ও গোড়ালি রক্ষা করতে নন-স্লিপ জুতার তলিযুক্ত শক্ত বুট পরিধান করুন।
- হাত উষ্ণ রাখতে এবং ফোশকা, ক্ষত, পুড়ে যাওয়া ও থেঁতলানো থেকে রক্ষা পেতে চামড়ার গ্লাভস ব্যবহার করুন।
- আরাম ও সুরক্ষার জন্য মোটরসাইকেল চালনা স্যুট বা জ্যাকেট পরুন। উজ্জ্বল ও প্রতিবিম্বিত পোশাক রাস্তায় আপনাকে আরও বেশি দৃশ্যমান করবে। ঢিলা পোশাক পরা থেকে বিরত থাকুন যেহেতু তা মোটরসাইকেলের কোন অংশের সাথে আটকে যেতে পারে।

লোড লিমিট ও গাইডলাইন

আপনার মোটরসাইকেলটি আপনি এবং একজন যাত্রী বহন করার জন্য ডিজাইন করা। যাত্রী বহন করলে আপনি এক্সেলারেশন ও ব্রেকে কিছু ভিন্নতা অনুভব করবেন। কিন্তু যতদিন আপনি মোটরসাইকেলটি ভাল টায়ার এবং ব্রেকসহ ভালভাবে রক্ষণাবেক্ষণ করবেন, ততদিন আপনি নিরাপদে প্রদত্ত সীমা ও নির্দেশনার মধ্যের বোঝাই বহন করতে পারবেন।

তাছাড়া ওজন সীমা অতিক্রম অথবা ভারসাম্যহীন বোঝাই বহন আপনার মোটরসাইকেলটির পরিচালনা, ব্রেক ও স্থিরতাকে মারাত্মকভাবে প্রভাবিত করতে পারে। হোন্ডার নয় এমন সরঞ্জাম, অনুপযুক্ত পরিবর্তন এবং বাজে রক্ষণাবেক্ষণ আপনার নিরাপত্তার মাত্রা হ্রাস করতে পারে।

পরবর্তী পৃষ্ঠাগুলো বোঝাই, সাজসরঞ্জাম ও পরিবর্তন সম্পর্কে আরো নির্দিষ্ট তথ্য প্রদান করবে।

লোডিং

কি পরিমাণ বোঝাই কীভাবে আপনি আপনার মোটরসাইকেলে দিতে পারবেন তা আপনার নিরাপত্তার জন্য খুবই জরুরি। যেকোনো সময় যাত্রী অথবা কার্গো নিয়ে মোটরসাইকেল চালানোর সময় নিচের তথ্য সম্পর্কে সতর্ক থাকুন।

⚠ সতর্কতা

অতিরিক্ত অথবা অনুপযুক্ত বোঝাই সংঘর্ষ ঘটাতে পারে এবং আপনি আহত বা নিহত হতে পারেন।
এই ম্যানুয়াল এ বর্ণিত বুঝাই সীমা এবং বোঝাইকরণ নির্দেশিকাসমূহ মেনে চলুন।

লোড লিমিট

আপনার মোটরসাইকেলের বোঝাই সীমা নিচে বর্ণিত:

সর্বাধিক ওজন ধারন ক্ষমতা:

১৭০ কেজি (৩৭৪.৮ পাউন্ড)

এতে চালক, যাত্রী,কার্গো ও সকল সরঞ্জামের ওজন অন্তর্ভুক্ত থাকবে।

লোডিং গাইডলাইন

আপনার মোটরসাইকেলটি প্রাথমিকভাবে আপনাকে এবং একজন যাত্রী পরিবহনের জন্য বানানো হয়েছে। আপনি যখন কোন যাত্রী ছাড়া চালাবেন তখন পেছনের সিটে জ্যাকেট অথবা সামান্য জিনিস সংরক্ষণ করতে পারেন। আপনি যদি আরো কার্গো বহন করতে চান তাহলে পরামর্শের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন এবং (পৃষ্ঠা ৬) এ বর্ণিত নির্দেশিকাগুলো মেনে চলুন।

ভুলভাবে বোঝাইকরণ আপনার মোটরসাইকেলটির স্থায়িত্ব এবং পরিচালনাকে প্রভাবিত করতে পারে। আপনার মোটরসাইকেলটি সঠিকভাবে বোঝাই করা হলেও কার্গো বহনের সময় আপনার মোটরসাইকেলটি গতি কমিয়ে চালানো উচিত।

যাত্রী অথবা কার্গো বহনের সময় নিচের নির্দেশনাগুলো মেনে চলুনঃ

- উভয় টায়ার সঠিকভাবে স্ফীত হয়েছে তা নিশ্চিত করুন।
- আপনি যদি স্বাভাবিক বোঝাই পরিবর্তন করেন তাহলে আপনার পিছনের সাসপেনশন এডজাস্ট করার প্রয়োজন হতে পারে (পৃষ্ঠা ১৭)।
- উপকরণ আলগা হয়ে দুর্ঘটনা তৈরি থেকে রক্ষা পেতে মোটরসাইকেল চালানোর পূর্বে সকল কার্গো সঠিকভাবে বাঁধা আছে তা নিশ্চিত করুন।
- কার্গোর ওজন যথাসম্ভব মোটরসাইকেলের কেন্দ্রে রাখার চেষ্টা করুন।
- কার্গোর ওজন দুইদিকে সমান রাখার চেষ্টা করুন।
- হ্যান্ডেলবার, ফর্ক বা ফেন্ডারে বড় অথবা ভারী কিছু সংযুক্ত করবেন না (যেমন স্লিপিং ব্যাগ বা তাঁবু)।

মালপত্র ও পরিবর্তন

মোটরসাইকেলের পরিবর্তন অথবা নন-হোন্ডা মালপত্র ব্যবহার আপনার মোটরসাইকেলকে অনিরাপদ করতে পারে। যেকোনো পরিবর্তন অথবা কোন মালামাল যুক্ত করার আগে এই তথ্যগুলো ভালভাবে পড়ে নিশ্চিত হোন।

⚠ সতর্কতা

অনুপযুক্ত মালামাল অথবা পরিবর্তন সংঘর্ষ ঘটাতে পারে যা যাতে আপনি আহত বা নিহত হতে পারেন।

মালপত্র এবং পরিবর্তনের ক্ষেত্রে ব্যবহারকারীর নির্দেশিকাটি মেনে চলুন।

মালপত্র

আমারা কঠোরভাবে সুপারিশ করব যাতে আপনি কেবল হোন্ডার আসল মালামাল ব্যবহার করেন যেগুলো বিশেষভাবে আপনার মোটরসাইকেলের জন্য ডিজাইন ও পরীক্ষা করা হয়েছে। কারন হোন্ডা অন্য কোন মালামাল পরীক্ষা করতে পারে না, তাই সঠিক নির্বাচন, স্থাপন ও নন-হোন্ডা মালপত্র ব্যবহারের জন্য আপনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। সাহায্যের জন্য আপনার ডিলারের মাধ্যমে চেক করান এবং সর্বদা নিচের নির্দেশনাগুলো মেনে চলুনঃ

- নিশ্চিত করুন যাতে মালপত্র আলোকে অস্পষ্ট না করে, গ্রাউন্ড ক্লিয়ারেন্স হ্রাস ও ব্যাংকিং কোণ, লিমিট সাসপেনশন ট্রাভেল অথবা স্টিয়ারিং ট্রাভেল, আপনার মোটরসাইকেল চালানোর অবস্থান পরিবর্তন অথবা কোন নিয়ন্ত্রন কাজে হস্তক্ষেপ না করে।

- নন-জেনুইন বৈদ্যুতিক সরঞ্জাম অথবা আপনার মোটরসাইকেলের বৈদ্যুতিক ব্যবস্থার ক্ষমতার অধিক ধারণক্ষমতার সরঞ্জাম ব্যবহার থেকে বিরত থাকুন (পৃষ্ঠা ৭৪)। একটি জ্বলে যাওয়া ফিউজ লাইট বা ইঞ্জিনের ক্ষতির কারণ হতে পারে।
- আপনার মোটরসাইকেল দিয়ে অন্য গাড়ি বা সাইডকার টানবেন না। এই মোটরসাইকেলটি এইসব সংযুক্তির জন্য ডিজাইন করা নয়, এবং এদের ব্যবহার আপনার মোটরসাইকেলটিকে ভীষণভাবে দূর্বল করে দিতে পারে।

মোডিফিকেশন

মোটরসাইকেলটির ডিজাইন বা পরিচালনায় পরিবর্তন আনে এমন কোন পরিবর্তন না করা বা আসল যন্ত্রপাতি না খোলার জন্য আমরা কঠোরভাবে পরামর্শ দিব।এইসব পরিবর্তন মোটরসাইকেলের নিয়ন্ত্রণ, স্থিরতা ও ব্রেকিংকে মারাত্মকভাবে দুর্বল করে মোটরসাইকেলটিতে অনিরাপদ করে তুলে।

লাইট, মাফলার, নিঃসরণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বা অন্যান্য যন্ত্রপাতি অপসারণ বা পরিবর্তন ও আপনার মোটরসাইকেলকে অবৈধ করতে পারে।

চুরি প্রতিরোধে টিপস

১. সর্বদা স্টিয়ারিং তালাবদ্ধ রাখুন।
২. ইগনিশন সুইচ এর সাথে চাবি রাখবেন না। এটা শুনতে খুব সাধারণ হলেও বেশিরভাগ মানুষ ভুলে যায়।
৩. আপনার মোটরসাইকেলের নিবন্ধিরণ তথ্য সঠিক ও বর্তমান তা নিশ্চিত করুন।
৪. যখনই সম্ভব আপনার মোটরসাইকেলকে তালাবদ্ধ গ্যারাজে রাখুন।
৫. একটি অতিরিক্ত চুরি প্রতিরোধী যন্ত্র ব্যবহার করুন।
৬. ব্যবহারকারীর ম্যানুয়ালে আপনার নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখুন এবং এটি মোটরসাইকেলের সাথে রাখুন।
অনেকসময় ম্যানুয়ালের নাম ঠিকানা দিয়ে চুরি হওয়া মোটরসাইকেলের চিহ্নিত করা যায়।


নাম: _____

ঠিকানা: _____


_____

ফোন নং: _____


যন্ত্রাংশের অবস্থান



ডান পাশের ভিউ



বাম পাশের ভিউ



(১) অয়েল ফিলার ক্যাপ/ ডিপস্টিক	(১০) চোক নোব
(২) রিয়ার ব্রেক পেডেল	(১১) মেইন ফিউজ
(৩) ফুটপেগ	(১২) সিট লক
(৪) যাত্রী ফুটপেগ	(১৩) লাইসেন্স প্লেট ল্যাম্প
(৫) স্টোরেজ কম্পার্টমেন্ট	(১৪) ব্যাটারি
(৬) এয়ার ক্লিনার	(১৫) সাইড স্ট্যান্ড
(৭) কিকস্টার্টার	(১৬) সেন্টার স্ট্যান্ড
(৮) রিফ্লেক্টর	(১৭) গিয়ার শিফট প্যাডেল
(৯) ফুয়েল ভালভ	(১৮) ইঞ্জিন অয়েল ড্রেইন প্লাগ

সিরিয়াল নম্বর


আপনার মোটরসাইকেলটি নিবন্ধিকরণের সময় ফ্রেম ও ইঞ্জিনের সিরিয়াল নম্বরের প্রয়োজন। প্রতিস্থাপিত অংশ অর্ডার করার সময়ও ডিলারের দ্বারা এগুলোর প্রয়োজন হতে পারে।

"ফ্রেম নম্বর" (১) স্টিয়ারিং হেডের ডান দিকে স্ট্যাম্প করা হয়। "ইঞ্জিন নম্বর" (২) ক্র্যাঙ্ককেসের বামে স্ট্যাম্প করা হয়।

আপনার রেফারেন্সের জন্য এখানে নম্বর রেকর্ড করুন।

ফ্রেম নং. ----------

ইঞ্জিন নং.----------




(১) ফ্রেম নম্বর

(২) ইঞ্জিন নম্বর

যন্ত্রপাতি এবং ইন্ডিকেটর

যন্ত্রপাতির প্যানেলে ইন্ডিকেটর থাকে। পরের পৃষ্ঠার টেবিলে এদের কাজ বর্ণিত আছে।




(১) ট্যাকোমিটার
(২) গিয়ার পজিশন ইন্ডিকেটর
(৩) স্পিডো মিটার
(৪) ডিজিটাল ক্লক
(৫) সার্ভিস ডিউ ইন্ডিকেটর
(৬) অডোমিটার/ ট্রিপমিটার
(৭) টার্ন সিগন্যাল/ হ্যাজার্ড ইন্ডিকেটর
(৮) ফুয়েল গেজ
(৯) এন্টি-লক ব্রেক সিস্টেম (এবিএস) ইন্ডিকেটর (শুধুমাত্র এবিএস মডেলের জন্য)
(১০) নিউট্রাল ইন্ডিকেটর
(১১) হাই বিম ইন্ডিকেটর
(১২) সেট বাটন
(১৩) সেল বাটন

(রেফ. নং.) বর্ণনা	কাজ
(১) ট্যাকোমিটার	প্রতি মিনিটে ইঞ্জিনের ঘূর্ণন দেখায়।
(২) গিয়ার পজিশন ইন্ডিকেটর	নির্বাচিত গিয়ার দেখায়।
(৩) স্পিডো মিটার	মোটরসাইকেলের গতি দেখায়।
(৪) ডিজিটাল ক্লক	ঘন্টা ও মিনিট দেখায়।
(৫) সার্ভিস ডিউ ইন্ডিকেটর	আপনার মোটরসাইকেলটির কখন সার্ভিস প্রয়োজন তা দেখায়।
(৬) অডোমিটার/ ট্রিপমিটার	অডোমিটার - একুমুলেটেড বা সর্বমোট মাইলেজ দেখায়। ট্রিপমিটার - শেষবার সময় শুন্য থেকে শুরু করার পর থেকে অতিক্রান্ত দূরত্ব দেখায়।
(৭) টার্ন সিগন্যাল/ হ্যাজার্ড ইন্ডিকেটর (সবুজ)	টার্ন সিগন্যাল/ হ্যাজার্ড সুইচ অপারেট করা হলে ইহা ফ্ল্যাশ করে।
(৮) ফুয়েল গেজ	আনুমানিক বিদ্যমান ফুয়েল সরবরাহ দেখায়।
(৯) এন্টি-লক ব্রেক সিস্টেম (এবিএস) ইন্ডিকেটর (শুধুমাত্র এবিএস মডেলের জন্য)	এই ইন্ডিকেটরটি ইগনিশন সুইচ অন করলে জ্বলে উঠে ও পূর্বনির্ধারিত স্পিড লিমিট (পূর্বনির্ধারিত স্পিড লিমিটের জন্য পৃষ্ঠা ৭৪ দেখুন) অতিক্রম করলে অফ হয়ে যায়, যদি এন্টি লক ব্রেক সিস্টেমে সমস্যা হয়, ইন্ডিকেটরটি ক্রমাগত জ্বলজ্বল করে ও অফ হয় না (পৃষ্ঠা ১৬)।

(রেফ. নং.) বর্ণনা	কাজ
(১০) নিউট্রাল ইন্ডিকেটর (সবুজ)	ট্রান্সমিশন নিউট্রালে থাকলে তা নির্দেশ করে।
(১১) হাই বিম ইন্ডিকেটর (নীল)	হেডলাইট উচ্চ রশ্মিতে জ্বললে তা নির্দেশ করে।
(১২) সেট বাটন নোটিশ *সেট বাটন কেবল হাত দিয়ে পরিচালনা করুন। সেট বাটন পরিচালনায় তিক্ষ্ম/সরু কিছু ব্যবহার করবেন না।*	নিম্নোক্ত উদ্দেশ্যে এই বাটনগুলো ব্যবহার করুনঃ • ট্রিপমিটার রিসেট করতে। • সময় এডজাস্ট করতে।
(১৩) সেট বাটন নোটিশ *সেল বাটন কেবল হাত দিয়ে পরিচালনা করুন। সেল বাটন পরিচালনায় তিক্ষ্ম/সরু কিছু ব্যবহার করবেন না।*	

গিয়ার পজিশন ইন্ডিকেটর

যানটি "গিয়ার পজিশন ইন্ডিকেটর" দিয়ে সজ্জিত (১) যেগুলো ১, ২, ৩, ৪ ও ৫ দিয়ে চিহ্নিত। ট্রান্সমিশন যখন যে গিয়ারে থাকবে তখন সে গিয়ার পজিশন নির্দেশিত হবে।



(১) গিয়ার পজিশন ইন্ডিকেটর (১)


ডিজিটাল ক্লক

ডিজিটাল ক্লক ১১.৫৯ পর্যন্ত ঘণ্টা ও মিনিট দেখায়।

সময় এডজাস্ট করতে নিচের ধাপগুলো অনুসরণ করুনঃ

১. ইগনিশন সুইচ চালু করুন।

২. "সেল" (১) ও "সেট" (২) বাটন একসাথে তিন সেকেন্ডের জন্য চাপুন ও ধরে রাখুন। এডজাস্ট মোডে ঘন্টা নির্দেশ করে ঘড়িটি সেট হবে।



(১) সেল বাটন
(২) সেট বাটন



৩. ঘণ্টা সেট করতে, কাঙ্ক্ষিত ঘণ্টা প্রদর্শনের আগ পর্যন্ত সেল বাটন চাপুন।

- কুইক সেটিং- কাঙ্ক্ষিত ঘণ্টা প্রদর্শনের আগ পর্যন্ত সেল বাটন চাপুন ও ধরে রাখুন।

৪. কাঙ্ক্ষিত ঘণ্টা প্রদর্শিত হলে সেট বাটন চাপুন।
মিনিট ডিসপ্লে জ্বলজ্বল করবে।



৫. মিনিট সেট করতে, কাঙ্ক্ষিত মিনিট প্রদর্শনের আগ পর্যন্ত সেল বাটন চাপুন।

- কুইক সেটিং- কাঙ্ক্ষিত মিনিট প্রদর্শনের আগ পর্যন্ত সেল বাটন চাপুন ও ধরে রাখুন।

৬. কাঙ্ক্ষিত ঘণ্টা প্রদর্শিত হলে সেট বাটন চাপুন।
মিনিট ডিসপ্লে জ্বলজ্বল করবে।
ডিসপ্লে ফ্ল্যাশ করা বন্ধ করবে।


ব্যাটারি অসংযুক্ত থাকলে ঘড়িটি ১:০০ তে রিসেট হবে।

সার্ভিস ডিউ ইন্ডিকেটর

মোটরসাইকেলটি "সার্ভিস ডিউ ইন্ডিকেটর দিয়ে সজ্জিত (১)।

সার্ভিস ডিউ ইন্ডিকেটর টি ডিজিটাল স্পিডোমিটার প্যানেলে থাকে।

ওডো মিটারের পাঠ একটি নির্দিষ্ট দূরত্বে পৌছার পর সার্ভিস ডিউ ইন্ডিকেটর এর লাইট সার্ভিস লিমিট (কিমি) পর্যন্ত জ্বলজ্বল করে এবং তারপর একটানা হালকা জ্বলতে থাকে।



(১) সার্ভিস ডিউ ইন্ডিকেটর

সার্ভিস ডিউ ইন্ডিকেটর এর আলোর প্যাটার্ন বুঝাঃ

জ্বলজ্বল করা:"সার্ভিস ডিউ ইন্ডিকেটর"এর জ্বলজ্বল করার মানে হচ্ছে আপনার মোটরসাইকেল সার্ভিসের জন্য নির্দিষ্ট সার্ভিস দূরত্বে পৌঁছেছে। তাই, সার্ভিসের জন্য দয়া করে আপনার নিকটস্থ হোন্ডা ডিলারের সাহায্য নিন।

একটানা জ্বলজ্বল করা: মোটরসাইকেল সার্ভিসের জন্য নির্দিষ্ট সার্ভিস দূরত্ব অতিক্রম করে গেছে। **অতিসত্বর সার্ভিসের জন্য আপনার নিকটস্থ হোন্ডা ডিলারের সাহায্য নিন।**

"সার্ভিস ডিউ ইন্ডিকেটর" এর প্রথম জ্বলজ্বল শুরু হবে প্রথম সার্ভিসের ২৫০ কিমি আগে থেকে (নির্দিষ্ট দূরত্ব অনুযায়ী)।

"সার্ভিস ডিউ ইন্ডিকেটর"এর দ্বিতীয় জ্বলজ্বল শুরু হবে সার্ভিসের দ্বিতীয় ৫০০ কিমি আগে থেকে (নির্দিষ্ট দূরত্ব অনুযায়ী) এবং এই ধারা পরবর্তী সকল সার্ভিসের জন্য চলতে থাকবে।

"সার্ভিস ডিউ ইন্ডিকেটর" একটানা জ্বলতে থাকে যদি নির্দেশনায় বর্ণিত দূরত্ব অনুযায়ী সার্ভিস করানো না হয়।

নোটিশ


"সার্ভিস ডিউ ইন্ডিকেটর"এর জ্বলজ্বল/একটানা জ্বলজ্বল মোটরসাইকেলটি কতটুকু দূরত্ব (কিমি) অতিক্রম করেছে তার উপর ভিত্তি করে সার্ভিসের প্রয়োজন নির্দেশ করে। তাছাড়া দিন কিংবা দূরত্ব (যেটি আগে আসে) অতিক্রমের সাথে সাথে মেইন্টেনেন্স সময়সূচী অনুযায়ী মোটরসাইকেলের সার্ভিস করানো প্রয়োজন।

যদি আপনার মোটরসাইকেলটিকে মেইন্টেনেন্স শিডিউল সময়সূচীর আগে সার্ভিস করানো হয় (পৃষ্ঠা ৪৩), সেক্ষেত্রে "সার্ভিস ডিউ ইন্ডিকেটর" আপনার মোটরসাইকেলটি নির্দিষ্ট কিলোমিটার অতিক্রম করলে জ্বলজ্বল করা শুরু করবে।

"সার্ভিস ডিউ ইন্ডিকেটর"রিসেটের জন্য হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।


ট্রিপমিটার

ট্রিপমিটার এ বা বি রিসেটের জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুনঃ
"সেল বাটন" (১) চাপুন এবং ট্রিপমিটার এ বা বি বাছাই করুন।



(১) সেল বাটন
(২) সেট বাটন


ট্রিপমিটার রিসেট করতে, ডিসপ্লে "ট্রিপ" এ থাকা অবস্থায় তিন সেকেন্ডের জন্য "সেট বাটন চেপে ধরে রাখুন।



ফুয়েল গেজ

"ফুয়েল গেজ" (১) ইন্ডিকেটর "সর্বশেষ ব্যান্ডে" (২) প্রবেশের মানে হল ট্যাঙ্কে ফুয়েলের পরিমাণ কমে গেছে। ফুয়েল ভালভটি আরইএস অবস্থানে ঘুরান এবং যথাসম্ভব জলদি ট্যাঙ্কটি পূর্ণ করা উচিত। ট্যাঙ্কে অবশিষ্ট ফুয়েলের পরিমাণ সামনে সেট করা থাকবে, যা আনুমানিক-

২.০ লিটার (০.৫২ ইউ এস গ্যাল, ০.৪৩ আই এম পি গ্যাল)



(১) ফুয়েল গেজ
(২) শেষ ব্যান্ড

এবিএস (এন্টি-লক ব্রেক সিস্টেম) ইন্ডিকেটর (ABS)

(শুধুমাত্র এবিএস মডেলের জন্য)

ইন্ডিকেটর যখন ইগনিশন সুইচ অন পজিশনে নেওয়া হয় তখন ইহা অন হয় এবং স্পীড আনুমানিক ৫ কিমি/ঘন্টা অতিক্রম করলে অফ হয়ে যায়।

যদি ইন্ডিকেটর নিম্নোক্ত যেকোনো একটি লক্ষণ প্রদর্শন করে তবে এবিএস-এ গুরুতর কোনো সমস্যা আছে। স্পীড কমান ও আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

- ইন্ডিকেটর অন হয় বা রাইডিং এর সময় ফ্ল্যাশ করে।
- ইগনিশন সুইচ যখন অন পজিশনে থাকে তখন ইন্ডিকেটর কাজ করেনা।
- ঘন্টায় ৫ কিলোমিটারের বেশি গতিতে ইন্ডিকেটর অফ হয় না ।
- যদি ব্যাটারি সঠিকভাবে সংযুক্ত না করা হয়, তাহলে এবিএস সক্রিয় হবে না এবং স্পিডোমিটার ডিসপ্লে বন্ধ হয়ে যাবে ।

নোটিশ

এবিএস নির্দেশক যদি অন থাকে, তাহলে আপনার মোটরসাইকেল গতানুগতিকভাবে কাজ করবে, কিন্তু এন্টি-লকিং ফাংশন ছাড়া।

প্রধান অংশসমূহ

(এই মোটরসাইকেলটি চালানোর ক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ তথ্য)

সাসপেনশন


বিভিন্ন বোঝা বা চালানোর অবস্থার ক্ষেত্রে শক অ্যাডজাস্টমেন্ট (১) ৩ টি পজিশন আছে।

পজিশন ২ থেকে ৩ শক্ত রিয়ার সাসপেনশনের জন্য স্প্রিং প্রিলোড বাড়ায় এবং মোটরসাইকেলটিতে ভারী বোঝাই থাকে এটি ব্যবহৃত হতে পারে।

নোটিশ

রিয়ার শক অ্যাবজর্বার এডজাস্টমেন্টের জন্য হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

আদর্শ অবস্থানঃ ২



(১) শক অ্যাবজার্বার

ব্রেক

ফ্রন্ট ব্রেক

এই মোটরসাইকেলটির ফ্রন্টে হাইড্রোলিক ও রিয়ারে মেকানিক্যাল ড্রাম ব্রেক আছে।

ব্রেক প্যাড ক্ষয় হবার সাথে সাথে ব্রেক ফ্লুইড লেভেল ড্রপ করে।


এখানে আর কোন এডজাস্টমেন্টের প্রয়োজন নেই কিন্তু সময়ের সাথে সাথে প্যাড ক্ষয় এবং ফ্লুইড স্তরের পরিদর্শন করতে হয়। কোন ধরনের ফ্লুইড লিক যাতে না থাকে সেজন্য সিস্টেমটি পরিদর্শন করতে হয়। যদি কন্ট্রোল লিভার ফ্রি ট্রাভেল অতিরিক্ত হয় এবং ব্রেক প্যাড সুপারিশকৃত সীমার (পৃষ্ঠা ৬১) বেশি পুরাতন না হয় তবে ব্রেক সিস্টেমে বাতাস থাকার সম্ভাবনা থাকে এবং তা অবশ্যই নিস্কাশন করতে হবে। সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

ফ্রন্ট ব্রেক ফ্লুইড লেভেলঃ

সোজা অবস্থানে মোটরসাইকেলটি রেখে ফ্লুইড চেক করুন। এটাকে অব্যশই লোয়ার লেভেল চিহ্নের উপরে থাকতে হবে (১)। যদি লেভেলটি লোয়ার লেভেল চিহ্নের নিচে হয় (১) তবে ক্ষয়ের জন্য ব্রেক প্যাড চেক করুন (পৃষ্ঠা ৬২)।

ক্ষয়প্রাপ্ত প্যাড প্রতিস্থাপন করতে হবে। যদি প্যাড ক্ষয়প্রাপ্ত না হয়, তাহলে ছিদ্র আছে কিনা তা পরীক্ষার জন্য ব্রেক সিস্টেম পরিদর্শন করতে হবে।

সুপারিশকৃত ব্রেক ফ্লুইড হল হোন্ডা ডট (DOT) ৩ বা ৪ ব্রেক ফ্লুইড যা সীলকৃত কন্টেইনার বা সমমান থেকে নিতে হবে।



(১) লোয়ার লেভেল চিহ্ন

অন্যান্য চেকসমূহ


নিশ্চিত করুন যাতে কোন ছিদ্র না থাকে। হোজ এবং ফিটিংসে কোন ক্ষয় বা ফাটল আছে কিনা চেক করুন।

রিয়ার ব্রেক
অ্যাডজাস্টমেন্ট:

১. সেন্টার স্ট্যান্ডে মোটরসাইকেলটিকে বসান।
২. ব্রেক নেওয়ার পূর্বে "রিয়ার ব্রেক পেডেলের" ধাপগুলোর দূরত্ব পরিমাপ করুন।


ফ্রি প্লে হতে হবে:

২০-৩০ মি.মি. (০.৮-১.২ ইঞ্চি)



(১) রিয়ার ব্রেক প্যাডেল

৩. অ্যাডজাস্টমেন্টের প্রয়োজন হলে রিয়ার ব্রেক অ্যাজাস্টিং নাট ঘুরান (২)। চূড়ান্ত ফ্রি প্লে অ্যাডজাস্টমেন্টের পর "ব্রেক আর্ম পিন"(৩)এর উপর অ্যাজাস্টিং নাটের কাট-আউট বসান।




(২) রিয়ার ব্রেক এডজাস্টিং নাট
(৩) ব্রেক আর্ম পিন
(এ) ফ্রি প্লে কমানো
(বি) ফ্রি প্লে বাড়ানো

৪. কয়েকবার ব্রেক করুন এবং ব্রেক প্যাডেল ছেড়ে দেওয়ার পর ফ্রি হুইল ঘূর্ণন চেক করুন।

এই পদ্ধতিতে যথাযথ অ্যাডজাস্টমেন্ট করা না হলে আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

রিয়ার ব্রেক অ্যাজাস্টিং নাট ও ব্রেক আর্ম পিনের মাঝে যাতে কোন ফাঁক না থাকে তা নিশ্চিত করার জন্য অ্যাডজাস্টমেন্টের পর ব্রেক আর্মকে ধাক্কা দিন।

অ্যাডজাস্টমেন্টের পর ব্রেক প্যাডেলের ফ্রি প্লে নিশ্চিত করুন।





কাট-আউট
সঠিকভাবে বসানো হয়েছে



কাট-আউট সঠিকভাবে
বসানো হয়নি


অন্যান্য চেকসমূহঃ

ব্রেক আর্ম, স্প্রিং ও ফাস্টেনার ভাল অবস্থানে আছে নিশ্চিত করুন।

ক্লাচ

গিয়ারে পরিবর্তন অথবা ধীরে ধীরে চলার সময় যদি মোটরসাইকেল থেমে যায় বা যদি ক্লাচ পিছলিয়ে ইঞ্জিনের গতি কমে যায়, তবে ক্লাচ অ্যাডজাস্টমেন্টের প্রয়োজন। সাধারন "ক্লাচ লিভার" (১) ফ্রি প্লে হলঃ


১০-২০ মি.মি. (০.৪-০.৮ ইঞ্চি)



(১) ক্লাচ লিভার

১. ক্যাবলের নিম্ন প্রান্তের "লক নাট"(২) ঢিলা করুন। নির্দিষ্ট ফ্রি প্লে পেতে "এডজাস্টিং নাট" (৩) ঘুরান(৩)। লক নাট টাইট করুন এবং অ্যাডজাস্টমেন্ট চেক করুন।

২. ইঞ্জিন চালু করুন, ক্লাচ লিভারে টান দিন এবং গিয়ার পরিবর্তন করুন। ইঞ্জিন যাতে বন্ধ না হয় ও মোটরসাইকেলটি যাতে ধীরে না চলে নিশ্চিত হোন। ধীরে ধীরে ক্লাচ লিভার ছাড়ুন এবং থ্রোটল খুলুন। মোটরসাইকেলটি নির্বিঘ্নে চালু হবে এবং ধীরে ধীরে গতি বাড়বে।



(২) লক নাট
(৩) অ্যাডজাস্টিং নাট
(এ) ফ্রি প্লে বাড়ানো
(বি) ফ্রি প্লে কমানো

যথাযথ অ্যাডজাস্টমেন্ট না হলে বা ক্লাচ ঠিকভাবে কাজ না করলে আপনার ডিলারের সাহায্য নিন।

অন্যান্য চেকঃ

গিট বা ক্ষয় চিহ্নের জন্য ক্লাচ ক্যাবল চেক করুন কেননা তা মোটরসাইকেলটিকে নিশ্চল করতে বা কার্যবিপত্তি ঘটাতে পারে। বানিজ্যিকভাবে প্রাপ্ত লুব্রিকেন্ট দিয়ে ক্লাচ ক্যাবল লুব্রিকেট করুন।

ফুয়েল

ফুয়েল ভালভ

ত্রিমুখী "ফুয়েল ভালভ"(১) ফুয়েল ট্যাঙ্কের নিচে বাম দিকে থাকে।

চালু (অন)
ফুয়েল ভালভ চালু (অন) অবস্থায় থাকলে প্রধান ফুয়েল সাপ্লাই থেকে কার্বুরেটরের দিকে ফুয়েল প্রবাহিত হবে।

বন্ধ (অফ)
ফুয়েল ভালভ বন্ধ (অফ) অবস্থায় থাকলে প্রধান ফুয়েল সাপ্লাই থেকে কার্বুরেটরের দিকে ফুয়েল সাপ্লাই হবে না।
মোটরসাইকেলটি না চালানো অবস্থায় ভালভটি অফ রাখুন।


আর ই এস (RES)

ফুয়েল ভালভ আর ই এস (RES) অবস্থানে থাকলে রিজার্ভার ফুয়েল সরবরাহ থেকে ফুয়েল কার্বুরেটরের দিকে প্রবাহিত হবে। কেবলমাত্র প্রধান সরবরাহ শেষ হলেই রিজার্ভ ফুয়েল ব্যবহার করুন। আর ই এস (RES) এ সুইচ দেওয়ার পর যথাসম্ভব জলদি ট্যাঙ্ক পূর্ণ করুন।

রিজার্ভ ফুয়েল সরবরাহ হল:

২ লিটার. (০.৫২ ইউএস গ্যাল., ০.৪৩ইম্প গ্যাল.)

প্রতিবার ফুয়েল পূরণ করার সময় ফুয়েল ভালভ অন অবস্থায় আছে কিনা চেক করবেন। আরইএস অবস্থায় ভালভ থাকলে রিজার্ভ ছাড়াই ফুয়েল শেষ হয়ে যাবে।



(১) ফুয়েল ভালভ

ফুয়েল ট্যাঙ্ক


রিজার্ভ সরবরাহ সহ ফুয়েল ট্যাঙ্কের ধারণক্ষমতা হল:

১২ লিটার. (৩.১৭ ইউএস গ্যাল., ২.৬৩ ইম্প গ্যাল.)

"ফুয়েল ফিল ক্যাপ"(১) ওপেন করতে "ইগনিশন কী"(২) প্রবেশ করান এবং ঘড়ির কাটার দিকে ঘুরান। ফুয়েল ফিল ক্যাপটি পপ আপ করবে এবং উপড়ে উঠানো যাবে। ট্যাঙ্কটি অতিরিক্ত পূর্ণ করবেন না। "ফিলার নেকে"(৩) যাতে কোন ফুয়েল না থাকে।

ফুয়েল ভরার পর ফুয়েল ফিল ক্যাপ বন্ধ করুন এবং ক্যাপের নেকের সাথে যুক্ত করুন। বন্ধ ও লক না হওয়া পর্যন্ত ফুয়েল ফিলার ক্যাপকে ফিলার নেকের দিকে ধাক্কা দিন।

চাবি বা কী খুলে ফেলুন।



(১) ফুয়েল ফিল ক্যাপ
(২) ইগনিশন কী
(৩) ফিলার নেক

⚠ সতর্কতা

পেট্রোল অত্যন্ত দাহ্য ও বিস্ফোরক পদার্থ। ফুয়েল হ্যান্ডেলিং এর সময় আপনি পুড়ে যেতে পারেন বা ভিষনভাবে আহত হতে পারেন।

- ইঞ্জিন বন্ধ রাখুন এবং তাপ, স্পার্ক এবং আগুনের শিখা থেকে দূরে রাখুন।
- শুধুমাত্র বাইরে ফুয়েল ভরুন।
- উপচে পরা অয়েল জলদি মুছে ফেলুন।


৮৮ বা তারচেয়ে বেশি অকটেন নম্বরের লেডবিহীন অকটেন ব্যবহার করুন।
লেডযুক্ত পেট্রোল ক্যাটালাইটিক কনভার্টারের অকাল ক্ষতি করতে পারে।

নোটিশ

স্বাভাবিক বোঝাই অবস্থায় স্থির ইঞ্জিন স্পীডে "স্পার্ক নক" বা "পিনকিং" হলে আপনার পেট্রোলের ব্র্যান্ড পরিবর্তন করুন। এরপরও যদি স্পার্ক নক বা পিনকিং বজায় থাকে তবে আপনার হোন্ডা ডিলারের সাহায্য নিন। এমনটা না করলে তা অপব্যবহার হিসেবে গণ্য হবে এবং অপব্যবহার দ্বারা সংঘটিত ক্ষতি হোন্ডার সীমাবদ্ধ ওয়ারেন্টির অন্তর্ভুক্ত নয়।

এভাপোরেটিভ ইমিশন কন্ট্রোল সিস্টেম

এই মোটরসাইকেল এভাপোরেটিভ ইমিশন ক্যানিস্টার থাকে যা গ্যাসোলিনকে বায়ুমণ্ডলে বাষ্পীভূত না হতে দেওয়ার জন্য ডিজাইন করা। যা বায়ুমণ্ডলে একটি গ্যাসের ট্যাঙ্ক নির্গত করা থেকে উত্তম।
কোন সমস্যা হলে আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।



(১) ফুয়েল ট্যাঙ্ক
(২) ক্যানিস্টার
(৩) একমুখী ভালভ

অ্যালকোহল যুক্ত পেট্রোল

আপনি যদি অ্যালকোহল যুক্ত পেট্রোল (গ্যাসোহল) ব্যবহার করেন, তবে নিশ্চিত হোন, তার অকটেন নম্বর যাতে হোন্ডা দ্বারা সুপারিশকৃত অকটেন নম্বরের চেয়ে বেশি হয়।

- কিছু অ্যালকোহল যুক্ত পেট্রোল ব্যবহারে হার্ড স্টার্টিং, খারাপ পারফরমেন্স ইত্যাদি সমস্যা হতে পারে।
- এই অ্যালকোহল ধারণকারী পেট্রোল অথবা অন্য একটি পেট্রোল যা আপনার নিকট অ্যালকোহল ধারণকারী মনে হবে ব্যবহার করার সময় যদি আপনি কোন অনাকাঙ্খিত অপারেটিং লক্ষণ দেখতে পান তবে অন্য স্টেশন অথবা অন্য কোন ব্রান্ডের পেট্রোল ব্যবহার করুন।
- অ্যালকোহল যুক্ত পেট্রোল ব্যবহারের পর কোন সমস্যা হলে আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

⚠ সতর্কতা

দূষিত ফুয়েল ব্যবহার করা যাবে না। এটি ইঞ্জিনের যন্ত্রাংশের ক্ষতি করতে পারে এবং এটি অপব্যবহার বলে গণ্য হবে। এ সংক্রান্ত ক্ষতি হোন্ডার লিমিটেড ওয়ারেন্টির মাধ্যমে পূরণ করা যাবে না।

ইঞ্জিন অয়েল

ইঞ্জিন অয়েল লেভেল চেক

প্রতিদিন চালানোর আগে ইঞ্জিনের অয়েল লেভেল চেক করুন।

লেভেলটি অবশ্যই "অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিকের" (৩) "আপার" (১) ও "লোয়ার" (২) লেভেল চিহ্নের মধ্যে রাখতে হবে।

১. ইঞ্জিন চালু করুন এবং ৩-৫ মিনিটের জন্য এটাকে স্থির রেখে দিন।

২. ইঞ্জিন বন্ধ করুন এবং সমতল ভুমিতে সেন্টার স্ট্যান্ডের উপর মোটরসাইকেলটিকে রাখুন।


৩. ২-৩ মিনিট পর অয়েল ফিলার ক্যাপ/ ডিপস্টিক সরান, এটি মুছে পরিষ্কার করুন এবং না মোচড়িয়ে পুনরায় স্থাপন করুন। অয়েল ফিলার ক্যাপ/ ডিপস্টিক সরান। এখন অয়েল লেভেল আপার ও লোয়ার চিহ্নের মধ্যে থাকা উচিত।

৪. প্রয়োজন হলে আপার চিহ্নের উপর পর্যন্ত স্পেসিফাইড অয়েল যোগ করুন (পৃষ্ঠা ৪৫)। তবে অতিরিক্ত ভরবেন না।

৫. অয়েল ফিলার ক্যাপ পুনরায় ইনস্টল করুন এবং লিক আছে কিনা চেক করুন।

নোটিশ

অপর্যাপ্ত অয়েল দিয়ে ইঞ্জিন চালালে ইঞ্জিনের মারাত্মক ক্ষতি হতে পারে।



(১) আপার লেভেল চিহ্ন
(২) লোয়ার লেভেল চিহ্ন
(৩) অয়েল ফিলার ক্যাপ/ ডিপস্টিক

টায়ার

আপনার মোটরসাইকেলটি নিরাপদে চালানানোর জন্য টায়ারকে সঠিক আকার ও আকৃতির হতে হবে। আপনি যে বোঝা বহন করছেন তার ভার বহনের জন্য সঠিকভাবে স্ফীত হতে হবে।

পরবর্তী পৃষ্ঠাগুলোতে আপনি এই সম্পর্কিত আরো কিছু তথ্য পাবেন যাতে থাকবে কখন এবং কিভাবে টায়ারের এয়ার প্রেসার পরীক্ষা করবেন, টায়ারের কোন ক্ষতি হয়েছে কিনা তা কিভাবে পরিদর্শন করবেন এবং আপনার টায়ারের মেরামত বা পরিবর্তনের প্রয়োজন হলে কি করবেন এবং কিভাবে করবেন।

⚠ সতর্কতা

জরাজীর্ণ বা অনুপযুক্তভাবে স্ফীত টায়ার দুর্ঘটনা ঘটাতে পারে এবং এতে আপনি মারাত্মকভাবে আহত বা নিহত হতে পারেন। টায়ার স্ফীতিকরন ও মেইন্টেনেন্সের জন্য এই ম্যানুয়ালে বর্ণিত নির্দেশিকা মেনে চলুন।

এয়ার প্রেসার

যথাযথভাবে স্ফীত টায়ার হ্যান্ডেলিং, ট্রেড ও মোটরসাইকেল চালনায় আরামের শ্রেষ্ঠ সমন্বয় প্রদান করে। সাধারনভাবে, কম স্ফীত টায়ার অসমভাবে ক্ষত হয়ে মোটরসাইকেল হ্যান্ডেলিং এ সমস্যা তৈরি করে। এমনকি অতিরিক্ত উত্তপ্ত হলে নষ্ট হবার সম্ভাবনা বেশি থাকে।

টায়ার অতিরিক্ত স্ফীত হলে আপনার মোটরসাইকেল কর্কশভাবে চলে, সড়কে বিপদ ও ক্ষয়ের সম্ভাবনা থাকে এবং অসমভাবে ক্ষয় হয়।

আমাদের সুপারিশ হল যে আপনি প্রতিবার চালানোর আগে বাহ্যিকভাবে টায়ারগুলো পরীক্ষা করুন এবং অন্তত মাসে একবার বা যখন আপনার এয়ার প্রেসার কম মনে হয় তখন গেজ ব্যবহার করুন।

টায়ার ঠাণ্ডা অবস্থায়, পার্ক করার অন্তত ৩ ঘণ্টা পর এয়ার প্রেসার পরীক্ষা করুন। আপনি যদি অল্প কিছু মাইল চলানোর পরও টায়ার গরম অবস্থায় এয়ার প্রেসার মাপেন তাহলে ঠাণ্ডা অবস্থায় রিডিং এর চেয়ে বেশি মান পাবেন। এটা স্বাভাবিক, তাই নিচে বর্ণিত সুপারিশকৃত মানের সাথে সঙ্গতি রাখার জন্য টায়ার থেকে প্রেসার বের করে দেবেন না। এমনটা করলে টায়ারের স্ফীতি কমে যাবে।

"ঠাণ্ডা" টায়ারের সুপারিশকৃত এয়ার প্রেসার হলঃ

কিলোপ্যাসকেল (কেজিফুট/সেমি, পিএসআই)		
শুধুমাত্র চালক	সামনে	১৭৫ (১.৭৫ , ২৫)
	পিছনে	২০০ (২.০০ , ২৯)
চালক এবং একজন যাত্রী	সামনে	১৭৫ (১.৭৫ , ২৫)
	পিছনে	২২৫ (২.২৫ , ৩২)

এই মোটরসাইকেলের উভয় চাকায় টিউবলেস টায়ার লাগানো। সাধারন টিউব টায়ারের তুলনায় এই টিউব বিহীন টায়ার কোন কাটা বা ছোট বস্তু দ্বারা পাংচার হলে খুব ধীরে প্রেসার নির্গত করে। এজন্য যদিও এগুলা সম্পূর্ণ স্ফীত থাকে তবুও নিয়মিত পরীক্ষা করা দরকার কেননা এর মধ্যে গেঁথে থাকা বস্তু রয়ে যেতে পারে।

ইন্সপেকশন

যখনই আপনি টায়ারের প্রেসার পরীক্ষা করবেন, তখনই ক্ষয়, ক্ষতি এবং বাহিরের অযাচিত বস্তুর জন্য টায়ারের ট্রেড ও সাইড ওয়ালগুলো পরীক্ষা করবেন:

লক্ষ্য করুন:


- টায়ার ট্রেডের পাশে আঘাত বা স্ফীতি আছে কিনা লক্ষ্য করুন এবং থাকলে তা মেরামত বা পরিবর্তন করুন।
- টায়ারে কাটা, টুকরা হয়ে যাওয়া বা ফাটল। যদি টায়ারের ফ্রেব্রিক বা কর্ড দেখা যায় তবে তা পরিবর্তন করুন।
- অতিরিক্ত ট্রেড ক্ষয়।

আরো, আপনি যদি গর্ত বা ভারী বস্তুতে আঘাত করেন, যথাসম্ভব জলদি রাস্তার পাশে নিরাপদে যান এবং সতর্কতার সাথে টায়ারের ক্ষত পরীক্ষা করুন।

ট্রেডের ক্ষয়

টায়ারের কেন্দ্রে ট্রেডের গভীরতা নিম্নোক্ত সীমায় পৌঁছানোর আগে টায়ার পরিবর্তন করুন :

সর্বনিম্ন ট্রেড গভীরতা	
সামনে	১.৫ মি.মি. (০.০৬ইঞ্চি)
পিছনে	২.০ মি.মি. (০.০৮ ইঞ্চি)



(১) ক্ষয় সূচক
(২) ক্ষয় সূচক অবস্থান চিহ্ন

টায়ার মেরামত

টিউবলেস টায়ার পাংচার বা ক্ষতিগ্রস্থ হলে নিকটস্থ টায়ার প্রস্তুতকারী ডিলারের কাছে যান এবং মেরামত বা পরিবর্তনের জন্য তার নির্দেশনা অনুসরণ করুন।

⚠ সাবধানতা

অননুমোদিত ব্যক্তি দ্বারা টিউবলেস টায়ার মেরামত/ পরিবর্তন করানো হলে তা ব্যবহার অনুপযোগী হতে পারে বা চালানোর সময় নষ্ট হতে পারে।

টায়ার পরিবর্তন

আপনার মোটরসাইকেলের সাথে যে টায়ার দেওয়া হয়েছে তা মূলত আপনার মোটরসাইকেলের সক্ষমতা বাড়ানো, আপনাকে হ্যান্ডেলিং, ব্রেকিং, স্থায়িত্ব ও আরাম প্রদানের লক্ষ্যেই ডিজাইন করা হয়েছে।

⚠ সতর্কতা

জরাজীর্ণ বা অনুপযুক্তভাবে স্ফীত টায়ার দুর্ঘটনা ঘটাতে পারে এবং এতে আপনি মারাত্মকভাবে আহত বা নিহত হতে পারেন।

টায়ার স্ফীতিকরন ও মেইন্টেনেন্সের জন্য এই ম্যানুয়ালে বর্ণিত নির্দেশিকা মেনে চলুন।

আপনার মোটরসাইকেলের জন্য সুপারিশকৃত টায়ার হল:

সামনে: ৮০/১০০-১৭ এম/সি ৪৬পি
পিছনে: ১৩০/৭০-১৭ এম/সি ৬২পি


নতুন টায়ার প্রতিস্থাপনের সময় নিশ্চিত হোন যে তা উপযুক্ত বা আসলটির সমতুল্য এবং লক্ষ্য রাখুন যাতে তা হুইলের সাথে ভারসাম্য বজায় রাখে।

প্রয়োজনীয় একক

উপাদানসমূহ

ইগনিশন সুইচ

"ইগনিশন সুইচ"(১) স্পিডোমিটারের নিচে অবস্থিত।



(১) ইগনিশন সুইচ

চাবির অবস্থান	কাজ	চাবি অপসারণ
লক (স্টিয়ারিং লক)	স্টিয়ারিং লক করা। ইঞ্জিন এবং লাইট চালু করা যাবে না।	চাবি অপসারণ করা যাবে।
অফ	ইঞ্জিন এবং লাইট চালু করা যাবে না।	চাবি অপসারণ করা যাবে।
অন	ইঞ্জিন এবং লাইট চালু করা যাবে। টার্ন সিগন্যাল, হর্ন ও হ্যাজার্ড সুইচ চালু করা যাবে।	চাবি অপসারণ করা যাবে না।

ডান হ্যান্ডেলবার নিয়ন্ত্রণ


স্টার্টর বাটন

থ্রোটল গ্রিপের পাশেই "স্টার্টার বাটন"(১)।
স্টার্টার বাটনে চাপ দেওয়া হলে স্টার্টার মোটর ইঞ্জিনকে ঘুরাবে। চালু করার পদ্ধতির জন্য পৃষ্ঠা ৩৫ দেখুন।

হ্যাজার্ড সুইচ

"হ্যাজার্ড সুইচ" (২)স্টার্টার বাটনের উপরে অবস্থিত।

- হ্যাজার্ড সুইচ সকল টার্নিং সুইচকে একসাথে কার্যকর করে।
- হ্যাজার্ড সুইচ আপনার আশেপাশের চালকদেরকে আপনার অথবা আপনার গাড়ি সম্পর্কিত কোন সমস্যার ইঙ্গিত দেয়।



(১) স্টার্টার বাটন
(২) হ্যাজার্ড সুইচ

বাম হ্যান্ডেলবার নিয়ন্ত্রণ

নোটিশ

অটোমেটিক হেডলাইট অন (এ এইচ ও কমপ্লাইয়েন্স):-
এর মানে হচ্ছে ইঞ্জিন চালুর সাথে সাথে হেডলাইট চালু (অন) হবে। চালানোর সময় হেডলাইট বন্ধ (অফ) করার কোন সুইচ নেই। আপনার মোটরসাইকেলের "অটোমেটিক হেডলাইট অন" বৈশিষ্ট্যটি কুয়াশা/ধুলাচ্ছন্ন পরিবেশে অন্য চালকদেরকে আপনার অবস্থান সম্পর্কে জানাবে।

হেডলাইট ডিমার সুইচ (১)

হাই বিম সিলেক্ট করতে ডিমার সুইচটির (হাই) চিহ্ন এবং লো বিমের জন্য (লো) চিহ্নের দিকে ধাক্কা দিন।

পাসিং লাইট কন্ট্রোল সুইচ (২)


এই সুইচটি চাপলে সামনের দিকে এগিয়ে আসা বা পাশ কাটানো গাড়ির দিকে হেডলাইট ফ্ল্যাশ করে সিগন্যাল দেয়।

টার্ন সিগন্যাল সুইচ (৩)

বামদিকে ঘুরার জন্য ⬅ (এল) সিগন্যালের বামদিকে, ডানদিকে ঘুরার জন্য ➡ (আর) এর ডানে চলুন। টার্ন সিগন্যাল চাপ দিয়ে অফ করে দিন।

হর্ন বাটন (৪)

হর্নে শব্দ করার জন্য বাটনটি চাপুন।



(১) হেডলাইট ডিমার সুইচ
(২) পাসিং লাইট কন্ট্রোল সুইচ
(৩) টার্ন সিগন্যাল সুইচ
(৪) হর্ন বাটন


ফিচার্স

(পরিচালনার জন্য প্রয়োজন নেই)

স্টিয়ারিং লক

স্টিয়ারিং লক করার জন্য হ্যান্ডেলবার যতটা সম্ভব বামে বা ডানে ঘুরান, ভিতরে ধাক্কা দেওয়ার সময় "ইগনিশন কি" (১) লকে ঘুরান। চাবি অপসারণ করুন। স্টিয়ারিং আনলক করতে চাবিটি অফের দিকে ঘুরান।

যানটি চালানোর সময় কখনই চাবি লকের দিকে ঘোরাবেন না, এতে মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারাতে পারে।




(১) ইগনিশন চাবি
(এ) পুশ ইন
(বি) টার্ন টু লক
(সি) টার্ন টু অফ

হেডলাইট এইম ভার্টিকাল অ্যাডজাস্টমেন্ট

হেডলাইটের পিছনে "হেডলাইট এইম অ্যাডজাস্টার" (১) থাকে। "স্ক্রুড্রাইভারের" (২) সাহায্যে এটিকে ঘড়ির কাটার দিকে বা বিপরীতে ঘুরিয়ে লম্বিক ভার্টিকাল অ্যাডজাস্টমেন্ট করা যায়। অ্যাটজাস্টমেন্টের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

(স্থানীয় আইন ও বিধি মেনে চলুন)



(১) হেডলাইট এইম অ্যাডজাস্টার
(২) স্ক্রু ড্রাইভার
(এ) ঘড়ির কাটার দিকে
(বি) ঘড়ির কাটার বিপরীতে

হেলমেট হোল্ডার


"হেলমেট হোল্ডার" (১) সিটের পেছনে বামে অবস্থিত। হোল্ডার হুকে হেলমেটটি "ডি-রিং" টি (২) ঝুলান।

হেলমেট হোল্ডারটি পার্ক করার সময় আপনার হেলমেটকে রক্ষা করার উদ্দেশ্যে ডিজাইন করা।

⚠ সতর্কতা

হেলমেটটি হোল্ডারের সাথে সংযুক্ত অবস্থায় গাড়ি চালালে তা পেছনের চাকা বা সাসপেনশনের সাথে মুখোমুখি হয়ে সংঘর্ষ ঘটাতে পারে এবং এতে আপনি মারাত্মক আহত বা নিহত হতে পারেন।

হেলমেট হোল্ডার কেবল মোটরসাইকেল পার্ক করা অবস্থায় ব্যবহার করুন। হোল্ডারে হেলমেট রেখে গাড়ি চালাবেন না।



(১) হেলমেট হোল্ডার
(২) ডি-রিং

সিট

ফার্স্ট এইড কিট, ডান ও বাম পাশের কভার রিমুভাল, টুল কিট, প্রথমিক চিকিৎসা উপকরণ ও ম্যানুয়াল নিতে "সিট" (১) সরানো আবশ্যক।

রিমুভাল:

১. "ইগনিশন কী" (২) "সিট লকে" (৩) প্রবেশ করান এবং ঘড়ির কাটার দিকে ঘুরান।


২. পেছনের দিকে টেনে সিটটি রিমুভ করুন।

ইনস্টলেশন:

১. ফ্রেম ক্রস মেম্বারের নিচে "রিসেসের" (৫) সাথে "ফ্রন্ট প্রংস" (৪) যুক্ত করুন এবং ফ্রেমের "হুকের" (৭) সাথে সিটের "রিয়ার প্রংস" (৬) যুক্ত করুন।

২. সিটটিকে তার অবস্থানে স্লাইড করুন এবং সিটের পেছনের অংশে নিচের দিকে চাপ দিন।

ইনস্টলেশনের পর সিটটি তার অবস্থানে নিরাপদে বসেছে নিশ্চিত হোন।



(১) সিট
(২) ইগনিশন কী
(৩) সিট লক
(৪) ফ্রন্ট প্রংস
(৫) রিসেস
(৬) রিয়ার প্রংস
(৭) হুক

বামদিকের কভার


ব্যাটারি ও ফিউজ মেইন্টেনেন্সের জন্য বামদিকের কভারটি রিমুভ করতে হয়।

রিমুভাল:

১. সিটটি সরান (পৃষ্ঠা ৩১)।
২. বাম পাশের কভার "প্যান স্ক্রু" (১) ও পেছন দিক থেকে "স্ক্রু" (২) সিটটি রিমুভ করুন।
৩. "ট্রিম ক্লিপ" (৩) রিমুভ করুন।
৪. "গ্রোমেটস" (৫) থেকে বসেস রিমুভের মাধ্যমে সাইড কভার (৪) (৪) রিমুভ করুন।

ইনস্টলেশন:

- রিমুভালের বিপরীত প্রক্রিয়ায় ইনস্টল করা যায়।



(১) প্যান স্ক্রু
(২) স্ক্রু
(৩) ট্রিম ক্লিপ
(৪) সাইড কভার
(৫) গ্রোমেটস

আন্ডার কাউল

ইঞ্জিন অয়েল পরিবর্তন করতে "আন্ডার কাউল" (১) অবশ্যই রিমুভ করতে হবে।


রিমুভালঃ

১. "প্যান স্ক্রু" (২) রিমুভ করুন।

২. "গ্রমেটস" (৪) থেকে "প্রোংস" (৩) রিমুভ করে আন্ডার কাউলকে সম্মুখ বরাবর রিমুভ করুন।

ইন্সটলেশনঃ

রিমুভালের বিপরীত প্রক্রিয়ায় ইনস্টলেশন করুন।




(১) আন্ডার কাউল
(২) প্যান স্ক্রু
(৩) প্রোংস
(৪) গ্রোমেটস

ডকুমেন্ট ব্যাগ

"ডকুমেন্ট ব্যাগ" (১) "সিটের" (৩) বিপরীত দিকে "ডকুমেন্ট কম্পার্টমেন্টে" (২) অবস্থিত।

ম্যানুয়াল এবং অন্যান্য কাগজপত্র ডকুমেন্ট ব্যাগে রাখা উচিত।

মোটরসাইকেল পরিষ্কার করার সময় এই জায়গায় যাতে পানি প্রবেশ না করে সেদিকে খেয়াল রাখবেন।




(১) ডকুমেন্ট ব্যাগ
(২) ডকুমেন্ট কম্পার্টমেন্ট
(৩) সিট

স্টোরেজ কম্পার্টমেন্ট

"স্টোরেজ কম্পার্টমেন্ট" (১) সিটের নিচে অবস্থিত (পৃষ্ঠা ৩১)। এই কম্পারটমেন্টটি হালকা বস্তু বহনের জন্য তৈরি করা হয়েছে।

ফার্স্ট এইড কিট ও টুল কিট এখানে রাখা যাবে।

মোটরসাইকেল পরিষ্কার করার সময় এই জায়গায় যাতে পানি প্রবেশ না করে সেদিকে খেয়াল রাখবেন।



(১) স্টোরেজ কম্পার্টমেন্ট

অপারেশন

প্রি রাইড ইন্সপেকশন

আপনার নিরাপত্তার জন্য, কিছু সময় নিন এবং প্রতিবার চালানোর আগে মোটরসাইকেলের চারপাশে হাটুন ও ভালভাবে পরিদর্শন করুন। যদি কোন সমস্যা খুঁজে পান, তার সমাধান নিশ্চিত করুন বা আপনার হোন্ডা ডিলারের সাহায্য নিন।

⚠ সতর্কতা

সঠিকভাবে মেইনটেনেন্স করা না হলে বা চালানোর আগে কোন সমস্যার সঠিক সমাধান না হলে ভ্রমণের সময় মোটরসাইকেলটি সংঘর্ষের কারণ হতে পারে। এতে আপনি মারাত্মক আহত বা নিহত হতে পারেন।

প্রতিবার চালানোর আগে অবশ্যই মোটরসাইকেলটি পরিদর্শন করবেন এবং কোন সমস্যা দেখা দিলে তার সমাধান করবেন।

১. ইঞ্জিন-অয়েল লেভেল — প্রয়োজন হলে ইঞ্জিনে অয়েল দিন (পৃষ্ঠা ২৪)। লিক আছে কিনা পরীক্ষা করুন।

২. ফুয়েল লেভেল — প্রয়োজন হলে ফুয়েল ট্যাঙ্ক পূরণ করুন (পৃষ্ঠা ২২)। লিক আছে কিনা পরীক্ষা করুন।

৩. ফ্রন্ট এবং রিয়ার ব্রেক — অপারেশন চেক করুন।
ফ্রন্ট: কোন ব্রেক ফ্লুইড লিক নেই নিশ্চিত করুন (পৃষ্ঠা ১৮)।
রিয়ার: প্রয়োজন হলে ফ্রি প্লে অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ১৯)।

৪. টায়ার — অবস্থা ও প্রেসার পরীক্ষা করুন (পৃষ্ঠা ২৫-২৭)।

৫. ড্রাইভ চেইন — অবস্থা ও স্ল্যাকনেস পরীক্ষা করুন (পৃষ্ঠা ৫৫)। প্রয়োজনে অ্যাডজাস্ট ও লুব্রিকেট করুন।

৬. থ্রোটল — সকল স্টেয়ারিং অবস্থানে মসৃণভাবে খোলা এবং পুরোপুরিভাবে বন্ধ করার জন্য পরীক্ষা করুণ।

৭. ক্লাচ — অবস্থা পরীক্ষা করুন এবং প্রয়োজন হলে অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ২০-২১)।

৮. লাইট ও হর্ন — টার্ন সিগন্যাল, ইন্ডিকেটর ও হর্ন ঠিকভাবে কাজ করছে কিনা পরীক্ষা করুন।

ইঞ্জিন স্টার্ট করা

ইঞ্জিন চালু করার জন্য সর্বদা নিম্নে বর্ণিত সঠিক পদ্ধতিগুলো মেনে চলুন।

এই মোটরসাইকেলটি বৈদ্যুতিক স্টার্টারে/কিকস্টার্টারে চাপ প্রয়োগের মাধ্যমে চালু করার পূর্বে ক্লাচ বিচ্ছিন্ন করার মাধ্যমে গিয়ারে প্রেরণ করে চালু করা যায়।

আপনার মোটরসাইকেলের এগজাস্ট সিস্টেমের ক্যাটালাইটিক কনভার্টার সুরক্ষার জন্য আইডেল ও লেডযুক্ত পেট্রোল ব্যবহার পরিহার করুন।

আপনার মোটরসাইকেল বিষাক্ত কার্বন মনোক্সাইড নির্গত করে। গ্যারেজের মত বদ্ধ জায়গা খুব দ্রুত উচ্চ ঘনত্বের কার্বন মনোক্সাইড দ্বারা পূর্ণ হয়ে যায়। গ্যারেজের দরজা বন্ধ অবস্থায় ইঞ্জিন চালাবেন না। এমনকি দরজা খোলা অবস্থায় দীর্ঘ সময়ের জন্য ইঞ্জিন চালু রাখতে তা গ্যারেজ থেকে সরিয়ে নিন।

ইঞ্জিন চালু অবস্থায় কিকস্টার্টার প্যাডেলে চাপ দেবেন না কেননা তা ইঞ্জিনের ক্ষতি করতে পারে। কিকস্টার্টার প্যাডেলে অতিরিক্ত চাপ দেবেন না।

প্যাডেল স্টপে ফিরে আসার পর কিকস্টার্টারটি ফোল্ড করুন।

৫ সেকেন্ডের বেশি সময়ের জন্য বৈদ্যুতিক স্টার্টার ব্যবহার করবেন না। পুনরায় চাপ প্রয়োগের আগে স্টার্টারটি অন্তত ১০ সেকেন্ডের জন্য ছেড়ে দিন।

প্রস্তুতি

চালু করার পূর্বে চাবি প্রবেশ করান, ইগনিশন সুইচ চালু করুন এবং নিচের বিষয়গুলোর সম্পর্কে নিশ্চিত হোন:

- ট্রান্সমিশন নিউট্রালে আছে (নিউট্রাল ইন্ডিকেটর লাইট অন)।
- ফুয়েল ভালভ চালু থাকবে।

স্টার্টিং করার পদ্ধতি

একটি গরম ইঞ্জিন পুনরায় চালু করতে নিচের উচ্চ বায়ু তাপমাত্রা পদ্ধতি অনুসরণ করুন।

স্বাভাবিক বায়ু চাপ (১০ ডিগ্রি সে. থেকে ৩৫ ডিগ্রি সে.):

১. ইঞ্জিন ঠাণ্ডা অবস্থায় "পুরোপুরি চালু" (এ) করতে সবদিক থেকে "চোক নোব" (১) উপরে টানুন।

২. **ক <বৈদ্যুতিক স্টার্টার ব্যবহার করে>**

থ্রোটল বন্ধ অবস্থায় স্টার্টার বাটনে চাপুন।

খ <কিকস্টার্টার প্যাডেল ব্যবহার করে>

কিকস্টার্টারটি দ্রুত নিচে নামিয়ে আনুন যতক্ষণ না পর্যন্ত বাঁধা অনুভূত হচ্ছে।

এরপর কিকস্টার্টকে এর উপরের স্ট্রোক ফিরে যেতে দিন। থ্রোটল বন্ধ রেখে কিকস্টার্টার চালু করুন।

৩. ইঞ্জিন চালু করার সাথে সাথে দ্রুততা বজায় রাখতে চোক নোব ব্যবহার করুন।

৪. ইঞ্জিন চালু হওয়ার ১৫ সেকেন্ড পর নোবটি ঘুরিয়ে "পুরোপুরি অফের" দিকে নিয়ে যান।

৫. যদি আইডেলিং অস্থিতিশীল থাকে তবে থ্রোটল সামান্য খুলে দিন।



(১) চোক নোব
(এ) পুরোপুরি অন
(বি) পুরোপুরি অফ

উচ্চ বায়ু তাপমাত্রা (৩৫ ডিগ্রি সে. বা তার বেশি):

১. চোক নোব ব্যবহার করবেন না।

২. **ক <বৈদ্যুতিক স্টার্টার ব্যবহার করে>**

থ্রোটল সামান্য খোলা অবস্থায় স্টার্টার বাটনে চাপুন।

খ <কিকস্টার্টার প্যাডেল ব্যবহার করে>

কিকস্টার্টারটি দ্রুত নিচে নামিয়ে আনুন যতক্ষণ না পর্যন্ত বাঁধা অনুভূত হচ্ছে।

কিকস্টার্টারটিকে এর উপরের স্ট্রোক ফিরে যেতে দিন।

থ্রোটল বন্ধ রেকে কিকস্টার্টার অপারেট করুন।

উপড়ু থেকে স্ট্রোক হয়ে নিচ পর্যন্ত দ্রুত ও একটানা গতিতে পা দিয়ে চাপ দিন।

⚠ সাবধানতা

প্যাডেল স্টপের বিরুদ্ধে কিকস্টার্টকে অবাধে পেছনে যেতে দেওয়া ইঞ্জিন কেসের ক্ষতির কারণ হতে পারে।

নিম্ন বায়ু তাপমাত্রা (১০ ডিগ্রি সে. বা তার কম):

১. "স্বাভাবিক বায়ু ও তাপমাত্রা" **এর ধাপ ১ ও ২** অনুসরণ করুন।

২. ইঞ্জিনের গতি বৃদ্ধি পেলে দ্রুত আইডল বজায় রাখার জন্য চোক নোব ব্যবহার করুন।

৩. যতক্ষণ না ইঞ্জিনটি মসৃণভাবে চলবে এবং চোক নোব পুরোপুরি অফ বি অবস্থায় থ্রোটলকে সাড়া দিবে, ততক্ষণ ইঞ্জিনকে গরম হতে দিন।

ফ্লাডেড ইঞ্জিন

বারবার চেষ্টার পরও ইঞ্জিন চালু না হলে তা অতিরিক্ত ফুয়েল প্রবাহের জন্য হতে পারে।

(স্টার্ট বাটন ব্যবহার করুন)

ফ্লাডেড ইঞ্জিন পরিষ্কারের জন্য ইগনিশন সুইচ চালু করুন এবং চোক নোবকে পুরোপুরি অফের দিকে নিয়ে যান (বি)। থ্রোটলটি পুরোপুরি খুলুন এবং ৫ সেকেন্ডের জন্য ইঞ্জিনটি ক্র্যাঙ্ক করুন। ইঞ্জিন চালু হলে দ্রুত থ্রোটল বন্ধ করে দিন এবং মোটরসাইকেলের আইডেলিং অস্থিতিশীল হলে ধীরে ধীরে খুলুন। ইঞ্জিন চালু না হলে ১০ সেকেন্ড অপেক্ষা করুন, তারপর স্টার্টিং এর ধাপগুলো অনুসরণ করুন।

(কিকস্টার্টার ব্যবহার করুন)

ফ্লাডেড ইঞ্জিন পরিষ্কারের জন্য ইগনিশন সুইচ বন্ধ করুন এবং চোক নোবকে পুরোপুরি অফের দিকে নিয়ে যান (বি)। থ্রোটলটি পুরোপুরি খুলুন এবং কিকস্টার্টার দিয়ে কয়েকবার ইঞ্জিনটি ক্র্যাঙ্ক করুন। ইগনিশন সুইচ চালু করুন এবং থ্রোটল সামান্য খুলে দিন; কিকস্টার্টার ব্যবহার করে ইঞ্জিন চালু করুন।

রানিং ইন/ চলমান

প্রথম ৫০০ কিমি (৩০০ মাইল) চালানোর ক্ষেত্রে মনোযোগিতা আপনার মোটরসাইকেলের ভবিষ্যৎ স্থায়িত্ব ও ক্ষমতা বাড়াতে সাহায্য করবে। এই সময়ের মধ্যে পূর্ণ-থ্রোটলের ব্যবহার ও দ্রুত গতি পরিহার করুন।

রাইডিং

চালানোর পূর্বে মোটরসাইকেলের নিরাপত্তা (পৃষ্ঠা ৩-৭) পর্যালোচনা করুন। নিশ্চিত হোন যে রাইডিং এর পূর্বে মোটরসাইকেলের সাইড স্ট্যান্ডটি পুরোপুরি সরিয়ে আনা হয়েছে। স্ট্যান্ডটি সম্প্রসারিত অবস্থায় থাকলে তা বামে ঘোরার সময় নিয়ন্ত্রণে বাঁধা দিতে পারে।

১. ইঞ্জিন গরম হলে চালানোর জন্য প্রস্তুত হয়।


২. ইঞ্জিন আইডেল অবস্থায় থাকলে ক্লাচ লিভার ভিতরের দিকে টানুন, শিফট ১ম (নিম্ন) গিয়ারে স্থানান্তরের জন্য শিফট লিভার উপরে উঠান।

৩. ধীরগতিতে ক্লাচ লিভার ছাড়ুন এবং একই সময় থ্রোটল খোলার মাধ্যমে ধীরে ধীরে ইঞ্জিনের গতি বাড়ান।
থ্রোটল ও ক্লাচ লিভারের সমন্বয় মসৃণ স্টার্ট নিশ্চিত করে।

৪. মোটরসাইকেলটি সহনীয় গতি অর্জন করলে থ্রোটল ও ক্লাচ লিভার বন্ধ করে দিন এবং শিফট প্যাডেলে চাপ দিয়ে ২য় গিয়ারে গতি বাড়ান।

৫. মসৃণভাবে গতি কমানোর জন্য থ্রোটল ও ব্রেকের অ্যাডজাস্টমেন্ট করুন।

৬. সামনের এবং পিছনের ব্রেক একসাথে ব্যবহার করতে হবে এবং চাকা লক করে ফেলে এত শক্তভাবে ব্রেক ব্যবহার করা যাবে না। এমনটা করলে ব্রেকিং ক্ষমতা কমে যেতে পারে এবং মোটরসাইকেলের নিয়ন্ত্রণ কঠিন হতে পারে।



ব্রেকিং

আপনার মোটসাইকেলটির সামনের ব্রেক হাইড্রোলিকাল এক্টিভেটেড ডিস্ক দ্বারা সজ্জিত এবং পিছনের ব্রেকটি মেকানিকাল ব্রেক দ্বারা পরিচালিত। ব্রেক লিভার পরিচালোনার সময় সামনের ডিস্ক ব্রেক কাজ করে। পিছনের ব্রেক প্রয়োগ করার সময় ব্রেক প্যাডেল ছেড়ে দিন।

স্বাভাবিক ব্রেকিং এর জন্য উভয় ব্রেক প্যাডেল এবং সড়কের গতি মেইন্টেনেন্সের জন্য ডাউন-শিফটিং এর সময় ব্রেক প্যাডেল ও লিভার প্রয়োগ করুন। সর্বোচ্চ ব্রেকিং এর জন্য থ্রোটল বন্ধ করুন ও শক্তভাবে প্যাডেল এবং লিভার প্রয়োগ করুন; ইঞ্জিন স্টলিং রোধ করতে সম্পূর্ণ থামার আগে ক্লাচ লিভার টানুন।

এন্টি-লক ব্রেক সিস্টেম (এবিএস)

(শুধুমাত্র এবিএস মডেলের জন্য)

এই মোটরসাইকেলটির সঙ্গে থাকছে ১টি চ্যানেল এবিএস । পূর্ণ ব্রেকের কার্যকারিতার জন্য, একযোগে ব্রেক লিভার এবং প্যাডেল ব্যবহার করুন ।

অ্যান্টি-লক ব্রেক সিস্টেম (এবিএস) হার্ড ব্রেকের সময় লক আপ থেকে ফ্রন্ট ব্রেক প্রতিরোধ করার জন্য ডিজাইন করা হয়েছে ।

- **রিয়ার চাকার কাছে কোন এবিএস ফাংশন নেই ।**
- এবিএস ব্রেকের দূরত্ব কমায় না। নির্দিষ্ট পরিস্থিতিতে, এবিএস এর ফলে দূরত্ব আরো বাড়তে পারে ।
- ঘন্টায় ৫ কিমি (৩ মাইল) নিচের গতিতে এবিএস কাজ করে না ।
- সামনের ব্রেক লিভার ব্রেক প্রয়োগ সময় সামান্য পেছাতে পারে। এটাই স্বাভাবিক ।
- সঠিকভাবে এবিএস অপারেশন কার্য সম্পাদনের জন্য সুপারিশকৃত সামনের বা পেছনের টায়ার ও স্প্রকেট ব্যাবহার করুন।

গুরুত্বপূর্ণ নিরাপত্তা অনুস্মারক:

- লিভার বা ব্রেক প্যাডেল আলাদা ভাবে ব্যবহার করলে থামার দক্ষতা কমে যায়।
- ব্রেক কন্ট্রোলের অতিরিক্ত ব্যবহারের ফলে চাকা লক হয়ে মোটরসাইকেলের উপর নিয়ন্ত্রণ কমাতে পারে।
- সম্ভব হলে টার্ন করার সময় গতি কমিয়ে দিন, ঘুরার মধ্যে থ্রোটল বন্ধ করলে বা ব্রেক করলে চাকা পিছলে যেতে পারে। চাকা পিছলানো মোটরসাইকেলের উপর নিয়ন্ত্রণ কমাতে পারে।
- ভেজা বা বৃষ্টি এবং ঢিলা ভূমিতে চালানো নড়াচড়া বা থামানোর ক্ষমতা কমাতে পারে। এমন অবস্থায় আপনার কর্মকাণ্ড মসৃণ হতে হবে। দ্রুত গতি বৃদ্ধি, ঘুরানো বা ব্রেক করলে নিয়ন্ত্রণ হারানোর সম্ভাবনা থাকে। আপনার নিরাপত্তার জন্য ব্রেকিং, গতি বৃদ্ধি ও টার্নিং এর সময় সাবধানতা অবলম্বন করুন।

- লম্বা খাড়া পথে চলার সময় নিচের দিকে টানার মাধ্যমে উভয় ব্রেক থেমে থেমে ব্যবহার করে ইঞ্জিন কম্প্রেসন ব্যবহার করুন।
- ঘনঘন ব্রেক ব্যবহার করলে ব্রেক গরম হয়ে যেতে পারে এবং তাদের কার্যকারিতা নষ্ট হতে পারে।
- ব্রেক প্যাডেলে পা রেখে গাড়ি চালালে বা ব্রেক লিভারে হাত রাখলে ব্রেক লাইট সক্রিয় হতে পারে যা অন্য চালকদের ভুল সংকেত দিবে। এটি ব্রেককে অতিরিক্ত উত্তপ্ত করে এর কার্যকারিতা হ্রাস করতে পারে।

পার্কিং

১. গাড়ি থামানোর পর গিয়ার নিউট্রালে রাখুন, ফুয়েল ভালভ বন্ধ করুন, হ্যান্ডেলবার সম্পূর্ণ ডানে/ বামে রাখুন, ইগনিশন সুইচ বন্ধ করুন, হ্যান্ডেলবার লক করুন এবং চাবি রিমুভ করুন।

২. পার্ক করার সময় মোটরসাইকেলকে সেন্টার স্ট্যান্ডের উপর দাড় করান। মোটরসাইকেলটিকে পড়ে যাওয়ার হাত থেকে রক্ষা করতে দৃঢ় সমতল ভুমিতে পার্ক করুন। মোটরসাইকেলটিকে ঢালু জায়গায় পার্ক করাতে হলে সামনের দিক সামান্য উঁচুতে রাখুন যাতে তা সেন্টার স্ট্যান্ড থেকে গড়িয়ে না পড়ে বা অতিরিক্ত ঘুরে না যায়।

৩. চুরির হাত থেকে রক্ষা করতে স্টিয়ারিং লক রাখুন (পৃষ্ঠা ৭)। খেয়াল রাখুন যাতে পার্কিং এর সময় কোন দাহ্য পদার্থ যেমন ঘাস বা শুকনো পাতা নির্গমন ব্যবস্থার সংস্পর্শে না আসে।

মেইনটেনেন্স

মেইনটেনেন্সের গুরুত্ব

নিরাপদ, অর্থনৈতিক ও নির্বিঘ্নে চলাচলের জন্য একটি ভালভাবে পরিচালিত মোটরসাইকেল প্রয়োজন। এটি বায়ু দূষণ কমাতেও সাহায্য করবে।

আপানকে আপনার মোটরসাইকেলটির সঠিকভাবে যত্ন নিতে সহায়তার লক্ষ্যে নিম্নলিখিত পৃষ্ঠাগুলোতে নিয়মিত মেইনটেনেন্সের জন্য একটি মেইনটেনেন্স সিডিউল ও রেকর্ড রয়েছে।

এই নির্দেশনাগুলো এই মোটরসাইকেলটি কেবলমাত্র এর ডিজাইন অনুযায়ী ব্যবহার করা হবে তার উপর ভিত্তি করে দেওয়া। ক্রমাগত উচ্চ গতি বজায় রাখা বা ভেজা, ধুলাময় অবস্থায় ব্যবহার করলে এই নির্দেশনায় বর্ণিত মেইনটেনেন্স এর চেয়ে অধিক মেইনটেনেন্স প্রয়োজন।
আপনার প্রয়োজন ও ব্যবহারের উপর ভিত্তি করে নির্দেশনার জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

আপনার মোটরসাইকেলটি যদি উল্টে যায় বা সংঘর্ষে পতিত হয় তবে আপনার হোন্ডা ডিলারকে দিয়ে সব গুরুত্বপূর্ণ অংশ পরীক্ষা করান, আপনি যদিও নিজে কিছু মেরামত করতে সক্ষম তাও।

⚠ সতর্কতা

অনুপযুক্ত মেইনটেনেন্স বা কোন সমস্যার সঠিক সমাধানে ব্যর্থ হলে চালানোর সময় সংঘর্ষ হতে পারে এবং এতে আপনি আহত বা নিহত হতে পারেন।
সর্বদা ম্যানুয়ালের নির্দেশনা মেনে মেইনটেনেন্স করুন।

মেইনটেনেন্স নিরাপত্তা

কিছু গুরুত্বপূর্ণ মেইনটেনেন্স সম্পর্কে এখানে নির্দেশনা থাকবে। আপনার মেকানিকাল দক্ষতা থাকলে এর কিছু কাজ আপনি নিজে দেওয়া যন্ত্রপাতি দিয়ে করতে পারবেন।
অন্যান্য কঠিন কাজ, যাতে বিশেষ সরঞ্জামের প্রয়োজন সেগুলা পেশাদাররা সর্বোত্তমভাবে সম্পাদন করতে পারবে। চাকা অপসারণ কেবল হোন্ডার টেকনিকাল বা যোগ্যতাসম্পন্ন মেকানিক দ্বারা করানো উচিত; শুধুমাত্র জরুরি প্রয়োজনের জন্য এখানে নির্দেশনা অন্তর্ভুক্ত করা হয়েছে।

কিছু গুরুত্বপূর্ণ নিরাপত্তা নির্দেশনা নিচে দেওয়া হল। যদিও আমরা রক্ষণাবেক্ষণের সময় কোন ধরনের বিপদ থেকে সতর্ক করতে পারবো না। শুধুমাত্র আপনাকে নিজে সিদ্ধান্ত নিতে হবে নিচের কাজসমূহ আপনি করেন কিনা।

⚠ সতর্কতা

উপযুক্ত মেইনটেনেন্স বা কোন সমস্যার সঠিক সমাধানে ব্যর্থ হলে চালানোর সময় সংঘর্ষ হতে পারে এবং এতে আপনি আহত বা নিহত হতে পারেন।
সর্বদা ম্যানুয়ালের নির্দেশনা মেনে মেইনটেনেন্স করুন।

নিরাপত্তা পূর্বসতর্কতা

নিশ্চিত করুন যেকোন মেইনটেনেন্স বা মেরামতের সময় ইঞ্জিন বন্ধ আছে। এটি অনেক বিপদের হাত থেকে রক্ষা করবে:

* **ইঞ্জিন এগজস্ট থেকে কার্বন মনোক্সাইড বিষক্তিকরণ।**
  নিশ্চিত হোন যাতে ইঞ্জিন পরিচালোনার সময় যথাযথ বায়ু চালনা থাকে।
* **গরম অংশ থেকে পুড়ে যাওয়া।**
  স্পর্শ করার পূর্বে ইঞ্জিন ও এগজস্ট সিস্টেমকে ঠান্ডা হতে দিন।
* **মুভিং পার্টস থেকে আহত হওয়া**
  নির্দেশনা ছাড়া ইঞ্জিন চালাবেন না।

- শুরু করার আগে নির্দেশনাগুলো পড়ুন এবং নিশ্চিত হোন আপনার প্রয়োজনীয় যন্ত্র ও দক্ষতা আছে।
- পড়ে যাওয়া থেকে রক্ষা করতে মোটরসাইকেলটিকে কোন শক্ত সমান ভূমিতে পার্ক করুন এবং সার্পোটের জন্য সেন্টার স্ট্যান্ড বা মেইনটেনেন্স স্ট্যান্ড ব্যবহার করুন।
- আগুন বা বিস্ফোরণের সম্ভাবনা কমানোর জন্য পেট্রোল বা ব্যাটারির পাশে কাজ করতে সতর্ক হোন। কোন অংশ পরিষ্কার করতে অদাহ্য পদার্থ ব্যবহার করুন, পেট্রোল ব্যবহার করবেন না। সিগারেট বা আগুনের শিখা ব্যাটারি বা ফুয়েল সংক্রান্ত অংশ থেকে দূরে রাখুন।

মনে রাখবেন আপনার হোন্ডা ডিলার আপনার মোটরসাইকেলটিকে ভাল বুঝেন এবং এর মেইনটেনেন্স বা মেরামতের জন্য উপযুক্ত।
সবচেয়ে ভাল মান ও নির্ভরতার জন্য মেইনটেনেন্স বা মেরামতের জন্য আসল হোন্ডা অংশ বা সমতুল্য ব্যবহার করুন।

মেইনটেনেন্স সময়সূচী

প্রতিটি নির্ধারিত মেইনটেনেন্স সময়কালে প্রি-রাইড পরিদর্শন (পৃষ্ঠা ৩৫) সম্পাদন করুন।

I: পরিদর্শন, পরিচ্ছন্নতা, অ্যাডজাস্টমেন্ট, লুব্রিকেট বা পরিবর্তন করুন যদি প্রয়োজন হয়।

C: পরিচ্ছন্নতা R: পরিবর্তন A: অ্যাডজাস্টমেন্ট L: লুব্রিকেট।

নিম্নলিখিত মেইনটেনেন্স সিডিউল মোটরসাইকেলটিকে সর্বোচ্চ পরিচালনা অবস্থায় রাখার জন্য প্রয়োজনীয় সকল মেইনটেনেন্স নির্দেশ করে। মেইনটেনেন্স অবশ্যই হোন্ডার আদর্শ ও নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষিত ও সজ্জিত টেকনিশিয়ান দিয়ে করাতে হবে। আপনার হোন্ডা ডিলার সবধরনের প্রয়োজন পূরণে সক্ষম।

* যদি মোটরসাইকেলের মালিকের উপযুক্ত টুলস এবং সার্ভিস ডাটা এবং কারিগরি জ্ঞান না থাকে তবে হোন্ডার ডিলার দ্বারা মেরামত করা উচিৎ। অফিসিয়াল হোন্ডা শপ নির্দেশিকা দেখুন।

** নিরাপত্তার স্বার্থে আমরা সুপারিশ করব যাতে এইসব সার্ভিস কেবলমাত্র আপনার হোন্ডা ডিলারকে দিয়ে করানো হয়। হোন্ডা সুপারিশ করে যাতে আপনার ডিলার প্রতি পর্যায়ক্রমিক মেইনটেনেন্স পর আপনার মোটরসাইকেলটি সড়কে পরীক্ষা করেন।

দ্রষ্টব্য: (১) অডোমিটার রিডিং বেশি হলে, এখানে প্রতিষ্ঠিত বিরতির হারে পুনরায় সার্ভিস করুন ।
(২) অস্বাভাবিকভাবে ভেজা বা ধুলাচ্ছন্ন জায়গায় চালানোর সময় ঘন ঘন সার্ভিস করান।
(৩) বৃষ্টি বা পূর্ণ থ্রোটলে চালানোর সময় ঘন ঘন সার্ভিস করান।
(৪) প্রতিস্থাপনের জন্য যান্ত্রিক দক্ষতা প্রয়োজন।

	আইটেম / ফ্রিকুয়েন্সি	দ্রষ্টব্য	প্রি-রাইড চেক	ওডোমিটার পাঠ (দ্রষ্টব্য ১)								বার্ষিক দৈনিক চেক	নিয়মিত প্রতিস্থাপন	দেখুন পৃষ্ঠা
				X১০০০কিমি	১	৪	৮	১২	১৬	২০	২৪			
				মাস	১	৪	৮	১২	১৬	২০	২৪			
*	ফুয়েল লাইন					I	I	I	I	I	I	I		-
	ফুয়েল লেভেল		I											-
*	ফুয়েল স্ট্রেইনার					C	C	C	C	C	C			-
*	থ্রোটল অপারেশন		I			I	I	I	I	I	I	I		৫৩
*	চোক অপারেশন					I	I	I	I	I	I	I		৩৭
*	এয়ার ক্লিনার	দ্রষ্টব্য (২)						R			R			৫৩
	ক্র্যাঙ্কেস ব্রিদার	দ্রষ্টব্য (৩)				C	C	C	C	C	C	C		৫০
	স্পার্ক প্লাগ					I	R	I	R	I	R			৫০
*	ভালভ ক্লিয়ারেন্স					I	I	I	I	I	I			-
	ইঞ্জিন অয়েল		I		R	R	R	R	R	R	R			৪৭
**	ইঞ্জিন অয়েল স্ট্রেইনার স্ক্রিন				C		C		C		C			-
**	ইঞ্জিন অয়েল সেন্ট্রিফিউগাল ফিল্টার						C		C		C			-
**	ইঞ্জিন আইডেল স্পিড				I	I	I	I	I	I	I	I		৫২
*	সেকেন্ডারি এয়ার সাপ্লাই সিস্টেম							I			I			-

প্রতি ৪০০০ কিমি বা প্রতি ৪ মাসের যেটি আগের সার্ভিসের কাছাকাছি হয়, তার মধ্যে যানটিকে সার্ভিস করাতে হবে। দ্রষ্টব্যের জন্য পৃষ্ঠা ৪৪ দেখুন।

		ফ্রিকুয়েন্সি / আইটেম	দ্রষ্টব্য	প্রি-রাইড চেক	ওডোমিটার পাঠ (দ্রষ্টব্য ১)								বার্ষিক দৈনিক চেক	নিয়মিত প্রতিস্থাপন	দেখুন পৃষ্ঠা
		X১০০০ কিমি			১	৪	৮	১২	১৬	২০	২৪				
		মাস			১	৪	৮	১২	১৬	২০	২৪				
*		এভাপোরেটিভ ইমিশন কন্ট্রোল সিস্টেম						I			I				-
		ড্রাইভ চেইন		I	প্রতি ১০০০ কিমি I, L										৫৫
*		ব্যাটারি ভোল্টেজ		I		I	I	I	I	I	I	I	I		-
		ব্রেক ফ্লুইড	দ্রষ্টব্য (৪)	I			I	I	I	I	I	I	I	২ বছর	১৮
		ব্রেক সু/প্যাড ক্ষয়		I			I	I	I	I	I	I	I		৬২,৬৩
		ব্রেক সিস্টেম		I		I	I	I	I	I	I	I	I		১৮-২০
		ব্রেক লাইট সুইচ					I	I	I	I	I	I	I		-
		হেডলাইট এইম					I	I	I	I	I	I	I		৩১
		লাইট/হর্ন		I			I	I	I	I	I	I	I		-
		ক্লাচ সিস্টেম		I		I	I	I	I	I	I	I	I		২০
		সাইড স্ট্যান্ড					I	I	I	I	I	I	I		৫৯
*		সাসপেনশন					I	I	I	I	I	I	I		৫৯
*		নাট, বোল্ট ফাস্টেনার্স				I		I		I		I	I		-
**		চাকা/ টায়ার		I			I	I	I	I	I	I	I		-
**		স্টিয়ারিং হেড বিয়ারিং						I		I		I	I		-


প্রতি ৪০০০ কিমি বা প্রতি ৪ মাসের যেটি আগের সার্ভিস থেকে কাছে হয়, তার মধ্যে সার্ভিস করানো প্রয়োজন। দ্রষ্টব্যের জন্য পৃষ্ঠা ৪৪ দেখুন।

টুল কিট ও ফার্স্ট এইড কিট

"টুল কিট" (১) "ফার্স্ট এইড কিট" (২) স্টোরেজ কম্পার্টমেন্টের নিচে থাকে। ফার্স্ট এইড কিটের জন্য পিছনে একটি বিশেষ চিহ্নিতকরণও থাকে।

এই টুল সমূহ দিয়ে রাস্তার পাশে মেরামত, ছোটখাট অ্যাডজাস্টমেন্ট এবং যন্ত্রপাতির মেরামত করা যাবে।

- টুল ব্যাগ
- স্প্যানার ১৪x১৭
- রেঞ্চ স্পার্ক প্লাগ
- ড্রাইভার স্ক্রু (নং. ২ +/-)
- রেঞ্চ হেক্স ৫ মিমি।



(১) টুল কিট
(২) ফার্স্ট এইড কিট

কালার কোড

কালার টেবিল নিচে উল্লেখ করা হলঃ

পরিবর্তিত যন্ত্রাংশ যথাযথ স্থানে বসানোর জন্য এটি দরকার।

সি.নং.	রঙ	কালার কোড
১.	ম্যাট ফ্রোজেন সিলভার মেটালিক	NH-C06M
২.	পার্ল স্পারটান রেড	R-382P
৩.	ম্যাট মার্ভেল ব্লু মেটালিক	B-227M
৪.	পার্ল ইগনাস ব্ল্যাক	NH-B05P
৫.	ম্যাট মার্শাল গ্রীন ম্যাটালিক	GY-155M

উপরের কালার কোডের টেবিলটি আপনার মোটরসাইকেলটির প্রয়োজন অনুযায়ী সঠিক রঙের যন্ত্রাংশ বেছে নিতে সাহায্য করে।


ইঞ্জিন অয়েল

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা ৪৩এ দেখুন।

ভালো ইঞ্জিনের অয়েলের অনেক গুণাবলী থাকে। এপিআই সেবা শ্রেণীকরণ এমএ এর জন্য সুপারিশকৃত গুণাবলী অর্জনের জন্য শুধুমাত্র কন্টেইনারে প্রত্যয়নকৃত উচ্চ পরিষ্কারক, মানসম্মত মোটর অয়েল ব্যবহার করুন।

ভিসকোসিটি (সান্দ্রতা)

আপনার চালানোর জায়গার তাপমাত্রার উপর ইঞ্জিনের তেলের ডিসকোসিটি গ্রেড নির্ভর করে। নিচের নির্দেশনা বিভিন্ন তাপমাত্রার পরিবেশে যথাযথ গ্রেড বা ভিসকোসিটির অয়েল বাছাই করতে সাহায্য করে।



ইঞ্জিন অয়েল

ইঞ্জিনের কার্যকারিতার উপর ইঞ্জিন অয়েলের প্রভাব অনেক। মেইনটেনেন্সের সিডিউল অনুযায়ী ইঞ্জিন ভিসকোসিটি অয়েল পরিবর্তন করুন (পৃষ্ঠা ৪৩)।

ধুলাময় অবস্থায় চালালে মেইনটেনেন্সের সিডিউলের নির্দেশনার চেয়ে ঘনঘন অয়েল পরিবর্তন করতে হবে।


অনুগ্রহ করে ইঞ্জিন অয়েল এমনভাবে নিষ্কাষন করুন যাতে তা পরিবেশের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। আমরা সুপারিশ করবো যে এগুলোকে একটি বদ্ধ কন্টেইনার করে আপনার স্থানীয় পুনরুৎপাদন কেন্দ্রে বা পুনরুদ্ধার সেবা কেন্দ্রে নিয়ে যান। এগুলোবে কোন ভাবেই ময়লাতে ফেলবেন না বা মাটিতে বা ড্রেনের ভিতরে ঢালবেন না।

বেশি সময়ের জন্য ত্বকের সংস্পর্শে থাকলে ব্যবহৃত ইঞ্জিন অয়েল থেকে ত্বকে ক্যান্সার হতে পারে। এমনটা হবে না যদি না আপনি প্রতিদিন ব্যবহৃত অয়েল ব্যবহার করেন, তাও আমরা পরামর্শ দিব, ইঞ্জিন অয়েল ব্যবহারের পর যথাসম্ভব জলদি সাবান ও পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন।

ইন্সটলেশনের জন্য টর্ক রেঞ্চ ব্যবহৃত না হলে সঠিক অ্যাসেম্বলি এর জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

ইনস্টলেশনের সাধারন তাপমাত্রায় রেখে ইঞ্জিন অয়েল পরিবর্তন করুন এবং দ্রুত ও সঠিক নিষ্কাশনের জন্য মোটরসাইকেলটিকে সেন্টার স্ট্যান্ডের উপর দাড় করান।

১. আন্ডার কাউল রিমুভ করুন (পৃষ্ঠা ৩৪)।
২. অয়েল নিষ্কাশনের জন্য অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক, "অয়েল ড্রেইন বোল্ট" (১) ও "সিলিং ওয়াসার" (২) রিমুভ করুন।
৩. অবশিষ্ট অয়েল সম্পূর্ণ রিমুভ করতে কয়েকবার কিকস্টার্টার পরিচালনা করুন।



(১) অয়েল ড্রেইন বোল্ট
(২) সিলিং ওয়াসার

৪. ড্রেইন ওয়াসারের উপর সিলিং ওয়াসার ঠিক অবস্থায় আছে কিনা পরীক্ষা করুন এবং বোল্ট ইনস্টল করুন। অয়েল পরিবর্তন করলে সিলিং ওয়াসার নতুন একটি দ্বারা পরিবর্তন করুন।

অয়েল ড্রেইন বোল্ট টর্ক:

৩০ নি. মি (৩.১ কেজি/মি. ২২ পাউন্ড/মি)।


৫. সুপারিশকৃত গ্রেড অয়েল দিয়ে ক্র্যাঙ্ককেস পূর্ণ করুন; আনুমানিকঃ ১.০ লিটার (১.০ ইউ এস কুই, ০.৯ ইম্প কুই)
৬. অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক স্থাপন করুন।
৭. ইঞ্জিন চালু করুন এবং একে ৩-৫ মিনিটের জন্য আইডেল রাখুন।
৮. ইঞ্জিন বন্ধ করার ২-৩ মিনিট পর মোটরসাইকেলটি সমতল পৃষ্ঠের উপর দৃঢ়ভাবে দাড়ানো অবস্থায় পরীক্ষা করুণ যে অয়েল ফিলার ক্যাপ/ডিপস্টিক এর উপরের স্তরে অয়েল স্তর আছে কিনা। নিশ্চিত হোন যে কোন অয়েল লিক নেই।

ক্র্যাংকেস ব্রিদার

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

১. সাইড কভার রিমুভ করুন (পৃষ্ঠা ৩২)

২. টিউব থেকে "ক্র্যাংকেস ব্রিদার টিউব প্লাগ" (১) অপসারন করুন এবং উপযুক্ত কন্টেনারে তা নিষ্কাষন করে জমা করুন।



(১) ক্র্যাঙ্ককেস ব্রিদার টিউব প্লাগ

৩. ক্র্যাঙ্ককেস ব্রিদার টিউব প্লাগ পুনঃস্থাপন করুন।
বৃষ্টি বা পূর্ণ থ্রোটলে চালালে ঘনঘন সার্ভিস করান।

স্পার্ক প্লাগ

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

সুপারিশকৃত প্লাগঃ

স্যান্ডার্ডঃ

CPR8EA-9 (NGK)


নোটিশ

অনুপোযুক্ত তাপমাত্রায় স্পার্ক প্লাগ ব্যবহার করবেন না। ইঞ্জিনের মারাত্মক ক্ষতি হতে পারে।

১. স্পার্ক প্লাগ থেকে "স্পার্ক প্লাগ ক্যাপ" (১) বিচ্ছিন্ন করুন।

২. স্পার্ক প্লাগের চারপাশ যে ময়লা পরিষ্কার করুন।
টুল কিটে থাকা "স্পার্ক প্লাগ রেঞ্চ" (২) ব্যবহার করে স্পার্ক প্লাগ রিমুভ করুন।

৩. তলানী ক্ষয় বা কার্বন দূষণের জন্য ইলেক্ট্রোডস এবং সেন্ট্রাল তলানী পরিদর্শন করুন। যদি ক্ষয় বা তলানী ভারী হয়ে যায় তবে প্লাগ পরিবর্তন করুন। ওয়েটফাউলড প্লাগ একটি এয়ার ক্লিনার দিয়ে পরিস্কার করুন, অন্যথায় একটি ওয়্যার ব্রাশ ব্যবহার করুন।




(১) স্পার্ক প্লাগ ক্যাপ
(২) স্পার্ক প্লাগ রেঞ্চ

৪. তার-টাইপ ফিলার গেজ দিয়ে "স্পার্ক প্লাগ গ্যাপ" (৩) চেক করুন। অ্যাডজাস্টমেন্ট দরকার হলে "সাইড ইলেক্ট্রোড" সাবধানে বাঁকা করুন (৪)।

গ্যাপ হতে হবে:

০.৮-০.৯মিমি (০.০৩-০.০৪ ইঞ্চি)

৫. ক্রস থ্রেডিং প্রতিরোধ করতে প্লাগ ওয়াসার লাগানো অবস্থায় স্পার্ক প্লাগ হাত দিয়ে ইন করেন।



(৩) স্পার্ক প্লাগ গ্যাপ
(৪) সাইড ইলেক্ট্রোড

৬. স্পার্ক প্লাগ টাইট করুন:

- পুরানো প্লাগ ভাল হলে:

  ১/৮ টার্ন এটি বসার পর।

- নতুন প্লাগ স্থাপন করলে প্রতি দুইবার টাইট করুন যাতে আলগা হয়ে না যায়:

  ক) প্রথমর, প্লাগ টাইট করুন: ১/২ টার্ন এটি বসার পর।
  খ) তারপর প্লাগটি আলগা করুন।
  গ) এরপর, প্লাগটি আবার টাইট করুন: ১/৮ টার্ন এটি বসার পর।

নোটিশ

অনুপোযুক্তভাবে স্পার্ক প্লাগ টাইট করলে ইঞ্জিনের ক্ষতি হতে পারে। প্লাগ বেশি আলগা হলে পিস্টনের ক্ষতি হতে পারে। আবার প্লাগ বেশি টাইট হলে থ্রেডের ক্ষতি হতে পারে।

৭. স্পার্ক প্লাগ ক্যাপ পুনঃস্থাপন করুন।

আইডেল স্পিড

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

সঠিক আইডেল স্পীডের জন্য ইঞ্জিনকে অবশ্যই স্বাভাবিক পরিচালনা তাপমাত্রায় থাকতে হবে। ১০ মিনিটের থামা-এবং-চলা ই যথেষ্ট।


আইডেল স্পিড অ্যাডজাস্টমেন্ট করে অন্য ব্যবস্থার ত্রুটি সমাধানের চেষ্টা করবেন না। কার্বুরেটর অ্যাডজাস্টমেন্ট জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।

১. ওয়ার্ম আপ করুন, নিউট্রালে নিন, এবং মোটরসাইকেলটি সেন্টার স্ট্যান্ডে দাড় করান।

২. "থ্রোটল স্টপ স্ক্রু" (১) এর সাহায্যে আইডেল স্পীড অ্যাডজাস্টমেন্ড করুন।

আইডেল স্পীড (নিউট্রালে):

১,৪০০ ± ১০০/মিনিট$^{-১}$ (আর পি এম)



(১) থ্রোটল স্টপ স্ক্রু
(এ) বাড়ান
(বি) কমান


থ্রোটল অপারেশন

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

১. থ্রোটল গ্রিপের মসৃন ঘূর্ণনের জন্য সম্পূর্ণ খোলা থেকে সম্পূর্ণ বহন অবস্থায় উভয় স্টিয়ারিং পজিশনে চেক করুন।

২. থ্রোটল গ্রিপ ফ্লেঞ্জে থ্রোটল গ্রিপ ফ্রি প্লে পরিমাপ করুন।
আদর্শ আনুমানিক ফ্রি প্লে হবে:
২-৬ মিমি (০.০৮-০.২৪ ইঞ্চি)

ফ্রি প্লে অ্যাডজাস্টমেন্ড করতে "লক নাট" ঢিলা করুন (১) এবং "অ্যাডজাস্টার" (২) ঘুরান।



(১) লক নাট
(২) অ্যাডজাস্টার

এয়ার ক্লিনার

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

নির্দিষ্ট সময় পরপর এয়ার ক্লিনার পরিবর্তন করুন (পৃষ্ঠা ৪৩ দেখুন)। অস্বাভাবিক ভেজা বা ধুলাময় পরিবেশে চালালে ঘনঘন পরিবর্তন করুন।

১. সিট রিমুভ (পৃষ্ঠা ৩১)।


২. "স্ক্রু" (১) এবং "এয়ার ক্লিনার কভার" (২) রিমুভ।

৩. "এয়ার ক্লিনার এলিমেন্ট" (৩) বের করুন এবং পরিবর্তন করুন।

৪. ভিসকোস জাতীয় এয়ার ফিল্টার নিয়মিত পরিবর্তন করা উচিত। এটি পরিষ্কার করে বারবার ব্যবহার করবেন না।

⚠ সতর্কতা

যদি প্রেসারাইজড এয়ার বা অন্য দ্রাবক দ্বারা ফিল্টার পদার্থ পরিষ্কার করা হয়, তবে ভিসকোস অয়েল নষ্ট হবে এবং যেহেতু বেস উপাদান হচ্ছে মোটা কাগজ, তাই বাতাসের সাথে ধুলা ঢুকে ইঞ্জিনের ক্ষতি করতে পারে।




(১) স্ক্রু
(২) এয়ার ক্লিনার কভার
(৩) এয়ার ক্লিনার এলিমেন্ট

৫. অধিক ময়লা, ছেঁড়া বা ক্ষতি হলে এয়ার ক্লিনার এলিমেন্ট পরিবর্তন করুন। আপনার মডেলের জন্য হোন্ডার আসল এয়ার ক্লিনার এলিমেন্ট মাননসই। ভুল হোন্ডা এয়ার ক্লিনার বা হোন্ডার নয় এমন এয়ার ক্লিনার এলিমেন্ট সমমানের নয় এবং এতে ইঞ্জিনের অকাল ক্ষতি হতে পারে বা কার্যক্ষমতায় প্রভাব ফেলতে পারে।

৬. রিমুভালের বিপরীত প্রক্রিয়া ইনস্টলেশন করুন।

⚠ সাবধানতা

এয়ার ক্লিনার এলিমেন্ট পরিষ্কার করতে তেল, বায়ু, পানি ব্যবহার করবেন না। নিয়মিত সময় পরপর পরিবর্তন করুন।



ড্রাইভ চেইন

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

ড্রাইভ চেইনের সার্ভিস লাইফ সঠিক লুব্রিকেশন ও মেইনটেনেন্সের উপর নির্ভর করে। দূর্বল মেইনটেনেন্সের ফলে ড্রাইভ চেইন ও স্প্রোকেটের অকাল ক্ষয় ও ক্ষতি হতে পারে।


প্রি-রাইড পরিদর্শনের নিয়ম অনুযায়ী ড্রাইভ চেইন চেক ও লুব্রিকেট করা প্রয়োজন (পৃষ্ঠা ৩৪)। অতিরিক্ত ব্যবহার বা অস্বাভাবিক ধুলা ও কাদাময় জায়গায় চালালে আরো ঘনঘন মেইনটেনেন্সের দরকার।

ইন্সপেকশন:

১. ইঞ্জিন বন্ধ করুন, মোটরসাইকেল সেন্টার স্ট্যান্ডে দাড় করান এবং ট্রান্সমিশন নিউট্রালে শিফট করুন।

২. আঙুল দিয়ে "ড্রাইভ চেইন" (১) উপরে নিচে সরান। ড্রাইভ চেইন স্ল্যাক নিম্নোক্ত স্কেলে অ্যাডজাস্ট করা উচিৎ যেন হাত দিয়ে ভাটিকালি নড়াচড়া করা যায়।

২৫-৩৫ মি মি (০.৯৮-১.৩৭ ইঞ্চি)



(১) ড্রাইভ চেইন

৩. পেছনের চাকা সামান্য ঘুরান এবং ড্রাইভ চেইনের স্ল্যাকনেস পরীক্ষা করার জন্য থামান। একই প্রক্রিয়া আবার করুন। ড্রাইভ চেইন এর স্ল্যাক অপরিবর্তিত থাকা উচিত, যদি চেইন কয়েকটি স্থানে ঢিলা থাকে, কিছু সংযোগ বাঁকা ও বাঁধা থাকে তবে লুব্রিকেশন দ্বারা জট দূর করা যেতে পারে।

৪. সম্ভাব্য ক্ষয় বা ক্ষতির জন্য স্প্রোকেট টিথ পর্যবেক্ষণ করুন।



সাধারন ভাল স্প্রোকেট টিথ

ভাল

যদি ড্রাইভ চেইন বা স্প্রোকেটটি অতিরিক্ত ক্ষয় হয়ে যায় তবে তা পরিবর্তন করুন। পুরান স্প্রোকেটের সাথে নতুন চেইন ব্যবহার করবেন না; দ্রুত চেইনের ক্ষয় হবে।

অ্যাডজাস্ট:


প্রতি ১০০০ কিলোমিটারে (৬০০ মাইল) ড্রাইভ চেইন স্ল্যাক পরীক্ষা করা ও প্রয়োজনে অ্যাডজাস্ট করা উচিত। উচ্চগতি বজায় রেখে চালনা বা দ্রুত গতি বৃদ্ধি অবস্থায় চেইনের ঘনঘন অ্যাডজাস্টমেন্টের প্রয়োজন হতে পারে।

ড্রাইভ চেইনের অ্যাডজাস্টমেন্টের প্রয়োজন হলে নিচের পদ্ধতি অনুসরণ করুনঃ

১. ট্রান্সমিশন নিউট্রালে ও ইগনিশন সুইচ বন্ধ রেখে মোটরসাইকেল সেন্টার স্ট্যান্ডে দাড় করান।
২. "রিয়ার এক্সেল নাট" (১) আলগা করুন।
৩. "ড্রাইভ চেইন লক নাট" (২) আলগা করুন।
৪. সঠিক ড্রাইভ চেইন স্ল্যাক অর্জনের আগ পর্যন্ত উভয় "অ্যাডজাস্টিং নাট" (৩) সমান সংখ্যক বার ঘুরান। চেইন টাইট করতে অ্যাডজাস্টিং নাট ঘড়ির কাটার দিকে ঘুরান, বা আরও স্ল্যাকের জন্য ঘড়ির কাটার বিপরীতে ঘুরান।

চেইন অ্যাডজাস্টার "ইন্ডেক্স চিহ্ন" (৪) সুইংআর্মের উভয় দিকের "অ্যাডজাস্টিং স্লটের পিছন প্রান্তের" (৫) সাথে সারিবদ্ধ করুন।

রিয়ার এক্সেল অ্যাডজাস্টমেন্টের শেষ সীমায় পৌঁছানোর পর যদি ড্রাইভ চেইন স্ল্যাক অতিরিক্ত হয়, তবে তা ক্ষয়প্রাপ্ত এবং তার পরিবর্তন প্রয়োজন।



(১) রিয়ার এক্সেল নাট
(২) ড্রাইভ চেইন লক নাট
(৩) ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট
(৪) ইন্ডেক্স চিহ্ন
(৫) অ্যাডজাস্টিং স্লটের পিছন প্রান্ত

৫. রিয়ার এক্সেল নাট টাইট করুন:

৮৮ এন.এম (৮.৯ কেজিএফ.এম, ৬৫ পাউন্ড. ফুট)

ইন্সটলেশনের সময় টর্ক রেঞ্চ ব্যবহার করা না হলে সঠিক সমাবেশ যাচাই এর জন্য আপনার হোন্ডা ডিলারকে দেখান।

৬. অ্যাডজাস্টিং নাট টাইট করুন, তারপর অ্যাডজাস্টিং নাট স্প্যানার দিয়ে ধরে রেখে লক নাট টাইট করুন।

৭. ড্রাইভ চেইন স্ল্যাক আবার পরীক্ষা করুন।

৮. ড্রাইভ চেইন স্ল্যাক অ্যাডজাস্টমেন্টের করার জন্য পিছনের চাকা পুনরায় নতুন অবস্থানে বসালে পিছনের ব্রেক প্যাডেল ফ্রি প্লে এর উপর প্রভাব পরে। পিছনের ব্রেক প্যাডেল ফ্রি প্লে পরীক্ষা করুন ও প্রয়োজনে অ্যাডজাস্ট করুন (পৃষ্ঠা ১৯)।

পরিষ্কার ও লুব্রিকেশন:

এই মোটর সাইকেলের সিল টাইপ চেইন দ্বারা সজ্জিত তাই পরিষ্কার ও লুব্রিকেশনের সময় সঠিক যত্ন প্রয়োজন।

ড্রাইভ চেইন ময়লা হলে লুব্রিকেশনের আগে তা পরিষ্কার করা প্রয়োজন নিচের ধাপ অনুযায়ীঃ

১. ইগনিশন সুইচ বন্ধ করুন।

২. ড্রাইভ চেইন পরিষ্কারের জন্য হোন্ডা অনুমোদিত চেইন ক্লিনার ব্যবহার করুন।

⚠ সাবধানতা


স্টিম ক্লিনার, হাই প্রেসার ক্লিনার, তারের তৈরী ব্রাশ, উদ্বায়ী দ্রাবক যেমন **গ্যাসোলিন (পেট্রোল)**, বেনজিন এবং এব্রেসিভ ক্লিনার বা চেইন ক্লিনার যা সীল চেইনের (ও-রিং) জন্য ডিজাইন করা হয় নি তা ব্যাবহার করবেন না।


৩. ড্রাইভ চেইন (পৃষ্ঠা ৫৬) ও পিছনের ব্রেক ফ্রি প্লে (পৃষ্ঠা ১৯) অ্যাডজাস্ট করুন।

প্রতি ১,০০০ কিলোমটারে (৬০০ মাইল) বা চেইন শুকিয়ে গেলে তার আগে লুব্রিকেট করুন।

ড্রাইভ চেইন লুব্রিকেট করার জন্য নিচের যেকোন পদ্ধতি অবলম্বন করুন:

- হোন্ডা অনুমোদিত ড্রাইভ চেইন ক্লিনার বা চেইন লুব স্প্রে।
  প্রতিটি চেইন জয়েন্ট লুব্রিকেন্টে সম্পৃক্ত করুন যেন লুব্রিকেন্ট লিংক প্লেট, বুশিং, সীল ও রোলের এ প্রবেশ করে।





ড্রাইভ চেইন ক্ষয়


সুইংআর্মের বামে "ড্রাইভ চেইন ক্ষয় ইন্ডিকেটর লেভেল" (১) পরীক্ষা করুন। যদি "ড্রাইভ চেইন অ্যাডজাস্টারের" (৩) "ইন্ডেক্স চিহ্ন" (২) ইন্ডিকেটর লেভেলের "রেড জোন" (৪) পৌঁছায় তবে তাকে নতুন একটি দ্বারা পরিবর্তন করুন।

ড্রাইভ চেইনে অবশ্যই নতুন স্প্রোকেট সেট দ্বারা পরিবর্তন করতে হবে। পরিবর্তনীয় চেইন:

R 428OR-130LE

নোটিশ

চেইন পরিবর্তনের জন্য আপনার নিকটস্থ হোন্ডা ডিলারের সাথে যোগাযোগ করুন।



(১) ড্রাইভ চেইন ক্ষয় ইন্ডিকেটর লেভেল
(২) ইন্ডেক্স চিহ্ন
(৩) ড্রাইভ চেইন অ্যাডজাস্টার
(৪) রেড জোন

সামনে ও পিছনের সাসপেনশন

ইন্সপেকশন

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩ দেখুন।

১. সামনের ব্রেক লক করার মাধ্যমে সামনের ফর্ক অ্যাসেম্বলি পরীক্ষা করুন এবং দৃঢ়ভাবে ফর্কটি উপরে ও নিচে পাম্পিং করুন। সাসপেনসন কার্য মসৃণভাবে করা উচিৎ এবং সেখানে কোন অয়েল লিকেজ থাকা চলবে না।


২. মোটরসাইকেলটি সেন্টার স্ট্যান্ডে দাড় করিয়ে পিছনের চাকায় জোরে চাপ প্রয়োগ করে সুইংআর্ম পরীক্ষা করতে হবে। ফ্রি প্লে ক্ষয়প্রাপ্ত বিয়ারিং নির্দেশ করে।

৩. টাইটনেসের জন্য সামনের এবং পিছনের সাসপেনসন ফাস্টেনার্সগুলো সর্তকতার সাথে পরীক্ষা করুন।

সাইড স্ট্যান্ড

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩ দেখুন।

ক্ষয়ের জন্য"সাইড স্ট্যান্ড স্প্রিং" (১) স্বাধীন নাড়ানাচার যদি সাইড স্ট্যান্ড জোরে শব্দ করে ও শক্ত হয় তাহলে পিভোট এলাকা পরিষ্কার করুন এবং পরিষ্কার ইঞ্জিন অয়েল দ্বারা পিভোট বোল্ট পিছিল করন।



(১) সাইড স্ট্যান্ড স্প্রিং

চাকা রিমুভাল

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩ দেখুন।

চাকা ইন্সটল ও রিমুভ করার সময় সতর্ক থাকতে হবে যেন স্পিড সেন্সর ও পালসার রিং এর ক্ষতি না হয়।

সামনের চাকা রিমুভাল


১. মোটরসাইকেলটিকে এর সেন্টার স্ট্যান্ডে দাড় করান।

২. ইঞ্জিনের নিচে নির্ভরশীল ব্লক দিয়ে সামনের চাকাকে সমতল থেকে উপরে তুলুন।

৩. "ফ্রন্ট এক্সেল নাট" রিমুভ করুন (১)।

৪. "ফ্রন্ট এক্সেল শ্যাফট" (২) ও চাকা রিমুভ করুন।

মোটরসাইকেল থেকে চাকা অপসারিত অবস্থায় ব্রেক লিভারে চাপ দিবেন না। ব্রেক ফ্লুইডের উপর্যপুরি ক্ষয় ক্যাপিলার পিস্টনকে সিলিন্ডার থেকে বের হতে বাধ্য করবে। এমন হলে ব্রেক ব্যবস্থার সার্ভিস করানো প্রয়োজন। সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলারের কাছে যান।



(১) ফ্রন্ট এক্সেল নাট
(২) ফ্রন্ট এক্সেল শ্যাফট

ইনস্টলেশন নোটসঃ

- রিমুভালের বিপরীত প্রক্রিয়া অনুসরন করুন।
- ফর্ক লেগের মাঝে চাকা ইন্সটল করুন এবং ডান ফর্ক লেগ ও চাকার স্থানের মধ্য দিয়ে ডান পাশ থেকে সামনের এক্সেল প্রবেশ করান।
- নির্দিষ্ট টর্ক পর্যন্ত সামনের এক্সেল নাট টাইট করুন।

  ফ্রন্ট এক্সেল নাট টর্ক:

  ৫৯ এন.এম(৬.০ কেজিএফ.এম, ৪৩ পাউন্ড. ফুট)

- চাকা ইনস্টলের পর কয়েকবার ব্রেক প্রয়োগ করুন এবং চাকা স্বাধীনভাবে ঘুরে কিনা পরীক্ষা করুন। ব্রেক পিছনে চলে গেলে বা চাকা ঠিকভাবে না ঘুরলে পুনরায় চাকা পরীক্ষা করুন।

ইন্সটলেশনের সময় টর্ক রেঞ্চ ব্যবহৃত না হলে সঠিক টর্ক যাচাইয়ের জন্য আপনার হোন্ডা ডিলারের কাছে যান।

অনুপযুক্ত টর্কের ফলে ব্রেকিং ক্ষমতার ক্ষতি হতে পারে।

পিছনের চাকা রিমুভাল

১. মোটরসাইকেলটিকে সেন্টার স্ট্যান্ডের উপর দাড় করান।


(i) "পিছনের এক্সেল নাট" (১) ঢিলা করুন।

(ii) "পিছনের ব্রেক অ্যাডজাস্টিং নাট" (২) রিমুভ করুন।

"ব্রেক রড" (৩) "ব্রেক আর্ম" (৪) থেকে অসংযুক্ত করুন।

(iii) "ড্রাইভ চেইন লক নাট" (৫) ও "ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট" (৬) আলগা করুন।


২. পিছনের এক্সেল নাট রিমুভ করুন।



(১) পিছনের এক্সেল নাট
(২) পিছনের ব্রেক অ্যাডজাস্টিং নাট
(৩) ব্রেক রড
(৪) ব্রেক আর্ম
(৫) ড্রাইভ চেইন লক নাট
(৬) ড্রাইভ চেইন অ্যাডজাস্টিং নাট

৩. পিছনের চাকা সামনের দিকে ধাক্কা দিয়ে ড্রাইভেন স্প্রোকেট থেকে "ড্রাইভ চেইন" (৭) রিমুভ করুন।

৪. "পিছনের এক্সেল শ্যাফট" (৮), সাইড কলার ও পিছনের চাকা সুইংআর্ম থেকে রিমুভ করুন।



(৭) ড্রাইভ চেইন
(৮) পিছনের এক্সেল শ্যাফট

ইনস্টলেশন নোট:
রিমুভালের বিপরীত প্রক্রিয়ায় চাকা ইনস্টলেশন করুন।
নির্দিষ্ট টর্কে পিছনের এক্সেল নাট টাইট করুন:


পিছনের এক্সেল নাট টর্ক:
৮৮ এন.এম (৮.৯ কেজিএফ.এম, ৬৫ পাউন্ড, ফুট)

ব্রেক রড ও অ্যাডজাস্টিং নাট ব্যবহার করে পিছনের ব্রেক প্যাডেল ফ্রি প্লে অ্যাডজাস্ট করুন।
চাকা ইনস্টলেশনের পর কয়েকবার ব্রেক প্রয়োগ করুন ও চাকা সঠিকভাবে ঘুরে কিনা পরীক্ষা করুন। ব্রেক পিছনে চলে গেলে বা চাকা ঠিকভাবে না ঘুরলে পুনরায় চাকা পরীক্ষা করুন। ইন্সটলের সময় টর্ক রেঞ্চ ব্যবহৃত না হলে সঠিক টর্ক যাচাইয়ের জন্য আপনার হোন্ডা ডিলারের কাছে যান।
অনুপযুক্ত টর্কের ফলে ব্রেকিং ক্ষমতার ক্ষতি হতে পারে।

ব্রেক প্যাড ক্ষয় (শুধুমাত্র সামনের ব্রেক)

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩দেখুন।

ব্রেক প্যাডের ক্ষয় ব্যবহারের তীব্রতা, চালানোর ধরণ ও রাস্তার অবস্থার উপর নির্ভর করে। (স্বাভাবিকভাবে, ভেজা ও ধুলাময় রাস্তায় দ্রুত প্যাড ক্ষয় হয়) নিয়মিত মেইনটেনেন্স শিডিউল অনুসারে প্যাড পরীক্ষা করুন। (পৃষ্ঠা-৪৬)
প্রতিটি প্যাডে "ক্ষয় ইন্ডিকেটর গ্রুভ" (১) পরীক্ষা করুন।
প্রতিটি প্যাচ যদি গ্রুভসের নিচে দিয়ে ক্ষয় হয় তবে সেট হিসেবে উভয় প্যাড পরিবর্তন করুন। এই সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলারের কাছে যান।



(১) ক্ষয় নির্দেশক গ্রুভ


ব্রেক সু ক্ষয়

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪১ দেখুন।

পিছনের ব্রেকে ব্রেক ক্ষয় ইন্ডিকেটর থাকে।

ব্রেক প্রয়োগ করা হলে, "ব্রেক আর্মের" (২) সাথে যুক্ত একটি "তীর চিহ্ন" (১)"ব্রেক প্যানেল" (৪) এর উপর থাকা "রেফেরেন্স চিহ্নের" (৩) দিকে যায়। ব্রেকের পূর্ণ প্রয়োগে যদি তীরটি রেফারেন্স চিহ্নের সাথে সম্পূর্ণ মিলে যায় তবে ব্রেক সু অবশ্যই পরিবর্তন করতে হবে।

এই সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।



(১) তীর চিহ্ন
(২) ব্রেক আর্ম
(৩) রেফারেন্স চিহ্ন
(৪) ব্রেক প্যানেল

ব্যাটারি

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩দেখুন।

ব্যাটারি ইলেকট্রোলাইট লেভেল পরীক্ষা করা বা বিশুদ্ধ পানি ব্যবহার করার দরকার নেই কারণ ব্যাটারি রক্ষণাবেক্ষণ-মুক্ত (বদ্ধ) ধরণের। আপনার ব্যাটারি যদি দুর্বল মনে হয় এবং/বা ইলেকট্রোলাইট ক্ষরিত হয় (হার্ড স্টার্টিং বা অন্য বৈদ্যুতিক সমস্যা) তবে সার্ভিসের জন্য আপনার হোন্ডা ডিলার বা ব্যাটারি উৎপাদকের সাথে দেখা করুন।

নোটিশ

আপনার ব্যাটারিটি রক্ষণাবেক্ষণ মুক্ত ধরণের এবং স্থায়ীভাবে ক্ষতিগ্রস্থ হতে পারে যদি ক্যাপ স্ট্রিপ খুলে অপসারন করা হয়।

এই চিহ্নের মানে হলো এই পণ্যকে গৃহস্থালীর বর্জ্য হিসেবে ফেলা যাবে না।

নোটিশ

ব্যাটারিতে লেড থাকে, যা বিষাক্ত পদার্থ এবং সঠিকভাবে নিষ্পত্তি করা না হলে পরিবেশ ও মানুষের জীবনের জন্য হুমকি হতে পারে।

ব্যবহৃত রক্ষণাবেক্ষণ মুক্ত ব্যাটারি সর্বদা হোন্ডা ডিলারের কাছে ফেরত দিন।

⚠ সতর্কতা

স্বাভাবিক পরিচালনার সময় ব্যাটারি বিস্ফোরক হাইড্রোজেন গ্যাস নির্গত করে। একটি পার্ক বা শিখাটি আপনার মৃত্যু ঘটাতে বা গুরুতরভাবে আঘাত করার মত যথেষ্ট শক্তি নিয়ে বিস্ফোরিত হতে পারে।

সুরক্ষামূলক পোশাক এবং সুরক্ষামূলক মুখ ঢাল পরিধান বা একটি দক্ষ মেকানিক দ্বারা ব্যাটারি রক্ষণাবেক্ষণ করুন।

ব্যাটারি শিশুদের থেকে দূরে রাখুন।

রিমুভাল

১. ইগনিশন সুইচ বন্ধ আছে নিশ্চিত করুন।


২. বামদিকের কভার রিমুভ করুন (পৃষ্ঠা ৩২)।

৩. "বোল্ট" (১) রিমুভ করুন ও "ব্যাটারি হোল্ডার" (২) খুলুন।

৪. প্রথমে, ব্যাটারি থেকে "ঋণাত্মক প্রান্ত (-)" (৩) ডিসকানেক্ট করুন।

৫. "ধনাত্মক প্রান্ত (+)" (৪) ডিসকানেক্ট করুন।

৬. ব্যাটারি বাক্স থেকে "ব্যাটারি" (৫) টানুন।



(১) বোল্ট
(২) ব্যাটারি হোল্ডার
(৩) ঋণাত্মক প্রান্ত (-)
(৪) ধনাত্মক প্রান্ত (+)
(৫) ব্যাটারি

ইনস্টলেশন


১. রিমুভালের বিপরীত প্রক্রিয়ায় ইনস্টলেশন করুন। আগে ধনাত্মক (+) প্রান্ত, তারপর ঋণাত্মক (-) প্রান্ত যুক্ত করুন।
২. সকল বোল্ট ও ফাস্টেনার নিরাপদ আছে কিনা পরীক্ষা করুন।
৩. যুক্ত করার পর উভয় প্রান্তে পেট্রোলিয়াম জেলি লাগান।

ফিউজ পরিবর্তন

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩ দেখুন।
যখন ফিউজের বারবার কার্যবিপত্তি ঘটে, এটি সাধারণত বৈদ্যুতিক সিস্টেমের মধ্যে সর্ট সার্কিটের বা মাত্রাতিরিক্ত চাপকে নির্দেশ করে মেরামতের জন্য আপনার হোন্ডা ডিলারকে দেখান।

নোটিশ


নির্দেশনার বাইরে অন্য মানের ফিউজ কখনো ব্যবহার করবেন না। লাইট বা ইঞ্জিনের ক্ষমতার মারাত্মক ক্ষতি করে।
বৈদ্যুতিক ব্যবস্থার ক্ষতির বা আগুনের কারণ হতে পারে।



ফিউজ বাক্স:

"ফিউজ বাক্স" (১) বাম দিকের কভারের পিছনে অবস্থিত।
সুপারিশকৃত ফিউজ: ১৫ অ্যাম্পিয়ার ও ৫ অ্যাম্পিয়ার
১. সিট রিমুভ করুন (পৃষ্ঠা ৩২)।
২. বাম দিকের কভার রিমুভ করুন (পৃষ্ঠা ৩৩)।


৩. "ফিউজ বক্স কভার" (২) খুলুন।
৪. পুরানো ফিউজটি খুলে বের করুন এবং নতুনটি ইন্সটল করুন। "অতিরিক্ত ফিউজটি" (৩) টুল কিটের পাশে অবস্থিত।
৫. ফিউজ বাক্সের কভার বন্ধ করুন এবং বামদিকের কভার ও সিট ইন্সটল করুন।



(১) ফিউজ বক্স
(২) ফিউজ বক্স কভার
(৩) অতিরিক্ত ফিউজ

মেইন ফিউজ:

"মেইন ফিউজ" (১) বামদিকের কভারের পিছনে অবস্থিত।
সুপারিশকৃত ফিউজ: ২০ অ্যাম্পিয়ার।
১. বামদিকের কভার রিমুভ করুন (পৃষ্ঠা ৩৩)।
২. "স্টার্টার ম্যাগনেটিক সুইচের" (৩) "ওয়ার কানেক্টর" (২) ডিসকানেক্ট করুন।
৩. ফিউজ টেনে বের করুন। ফিউজ নষ্ট হলে নতুন ফিউজ স্থাপন করুন। "অতিরিক্ত মেইন ফিউজ" (৪) "স্টার্টার ম্যাগনেটিক সুইচের" নিচে অবস্থিত।
৪. বামদিকের কভার ও সিট ইন্সটল করুন।



(১) মেইন ফিউজ
(২) ওয়ার কানেক্টর
(৩) স্টার্টার ম্যাগনেটিক সুইচ
(৪) অতিরিক্ত মেইন ফিউজ


স্পটলাইট সুইচ

অ্যাডজাস্টমেন্ট

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩ দেখুন।

ইঞ্জিনের পিছনে ডানদিকে "স্টপলাইট সুইচের" (১) কাজ সময়ে সময়ে পরীক্ষা করুন।

"অ্যাডজাস্টিং নাট" (২) ঘুরিয়ে অ্যাডজাস্ট করা যায়। সুইচ খুব দেরিতে কাজ করলে "ডিরেকশন" (এ) ও খুব জলদি কাজ করলে "ডিরেকশন" (বি) এর দিকে নাট ঘুরান।



(১) স্টপলাইট সুইচ
(২) অ্যাডজাস্টিং নাট

বাল্ব পরিবর্তন

সেফটি প্রিকোশনের জন্য পৃষ্ঠা নং ৪৩ দেখুন।

লাইট জ্বালানো অবস্থায় লাইট বাল্বটি খুব গরম হয়ে যায় এবং বন্ধ করার কিছুক্ষণ পর্যন্ত গরম থাকে। সার্ভিসিং এর আগে এটি ঠান্ডা হয়েছে নিশ্চিত করুন।

বাল্ব পরিবর্তনের সময় গ্ল্যাভস পরুন।

আপনি খালিহাতে বাল্ব ধরে ফেলেন তবে তা তাড়াতাড়ি নষ্ট হয়ে যাওয়া প্রতিরোধ কল্পে এলকোহল দ্বারা ভেজানো বা শিক্ত কাপড় দ্বারা পরিষ্কার করে ফেলুন।


- বাল্ব পরিবর্তনের সময় ইগনিশন সুইচ বন্ধ আছে নিশ্চিত করুন।
- সুপারিশ ভিন্ন অন্য বাল্ব ব্যবহার করবেন না।
- নতুন বাল্ব ইনস্টলেশনের পর তা ঠিকভাবে কাজ করছে কিনা পরিষ্কার করুন।

লাইসেন্স প্লেট লাইট বাল্ব

১. "স্ক্রু" (২) রিমুভালের মাধ্যমে "লাইসেন্স প্লেট লাইট কভার" (১) অপসারণ করুন

২. না ঘুরিয়ে "বাল্ব" (৩) টেনে বের করুন।

৩. রিমুভালের বিপরীত প্রক্রিয়ায় নতুন বাল্ব লাগান।




(১) লাইসেন্স প্লেট লাইট কভার
(২) স্ক্রু
(৩) বাল্ব

সামনে/ পিছনের টার্ন সিগন্যাল বাল্ব

১. "স্ক্রু" (২) অপসারণের মাধ্যমে "টার্ন সিগন্যাল লেন্স" (১) রিমুভ করুন।

২. হালকা ভাবে "বাল্বে" (৩) চাপ দিন এবং ঘড়ির কাটার বিপরীতে ঘুরান।


৩. রিমুভালের বিপরীত প্রক্রিয়ায় ইনস্টলেশন করুন।




(১) টার্ন সিগন্যাল লেন্স
(২) স্ক্রু
(৩) বাল্ব

এল ই ডি হেডলাইট

মোটরসাইকেলটি এল ই ডি হেডলাইট দ্বারা সজ্জিত।




(১) পজিশন লাইট (সি)
(২) হাই বিম (বি)
(৩) লো বিম (এ)

লাইট	সুইচ পজিশন	জ্বলে উঠে
পজিশন লাইট	ইগনিশন অন	সি
হাই বিম		এ, বি এবং সি
লো বিম		এ এবং সি

হেডলাইটের বৈশিষ্ট্য

ইগনিশন সুইচ অফ করার ৩ সেকেন্ডের মাঝে যদি ডিমার সুইচ "হাই" থেকে "লো" তে পরিচালনা করা হয় তবে তৎক্ষণাৎ একসময় লো-বিম জ্বলে উঠবে।




ডিমার সুইচ "হাই" পজিশনে রেখে, ইগনিশন সুইচ "অফ" করার ৩ সেকেন্ডের মধ্যে যদি আবার "অন" করা হয় তবে মুহূর্তে হাই-বিম ইনডিকেটর একসময় জ্বলে উঠবে।



স্টপ/টেইল লাইট এল ই ডি

"স্টপ/টেইল লাইট" (১) এল ই ডি এর ইউনিট। এলইডি না জ্বললে আপনার হোন্ডা ডিলারের সাথে দেখা করুন।



(১) স্টপ/টেইল লাইট

ক্লিনিং

মোটরসাইকেল সার্ফেস রক্ষার জন্য আপনার মোটরসাইকেলটি নিয়মিত পরিষ্কার করুন ও আঘাত, ক্ষত এবং অয়েল লিকেজ পরীক্ষা করুন। মোটরসাইকেল বা অটোমোবাইল সার্ফেসের জন্য বিশেষভাবে ডিজাইন করা হয় নি এমন পরিষ্কারক পণ্যসমূহ এড়িয়ে চলুন । এগুলো ক্ষতিকারক পরিষ্কারক বা রাসায়নিক দ্রাবক থাকতে পারে যা আপনার মোটরসাইকেলের মেটাল, পেইন্ট এবং প্লাস্টিকের ক্ষতি করতে পারে। যদি আপনার মোটরসাইকেলটি সাম্প্রতিক কাজের জন্য গরম হয়ে যায় তাহলে ইঞ্জিন এবং এগজস্ট সিস্টেমকে ঠান্ডা হওয়ার মত সময় দিন। আমরা উচ্চ চাপে পানির স্প্রে করা হতে বিরত থাকার জন্য সুপারিশ করি (আদর্শগতভাবে মুদ্রা দ্বারা চালিত কার ওয়াশসমূহের ক্ষেত্রে প্রযোজ্য।

নোটিশ

উচ্চ চাপ যুক্ত পানি (বা বাতাস) মোটরসাইকেলের কতিপয় অংশের ক্ষতি করতে পারে।

মোটরসাইকেল পরিষ্কার করা

১. ধূলা ময়লা রিমুভ করার জন্য শীতল পানি দিয়ে মোটরসাইকেলটি ভালভাবে ধুয়ে নিন।

২. ঠাণ্ডা পানি ব্যবহার করে স্পঞ্জ বা নরম কাপড় দিয়ে যান পরিষ্কার করুন। মাফলার অউটলেট বা বৈদ্যুতিক যন্ত্রাংশে সরাসরি পানি ব্যবহার করবেন না।

৩. কাপড় বা স্পঞ্জ হালকা ডিটারজেন্ট বা পানিতে ভিজিয়ে প্লাস্টিকের অংশগুলো পরিষ্কার করুন। নোংরা অংশগুলো ঘনঘন সতেজ পানি দিয়ে ভিজিয়ে হালকা ভাবে ঘষুন। ব্রেক ফ্লুইড বা রাসায়নিক দ্রাবক মোটরসাইলেক থেকে দূরে রাখুন। এগুলো প্লাস্টিক বা রঙিন অংশের ক্ষতি করতে পারে।

মোটরসাইকেল পরিষ্কার করার সাথেসাথে হেডলাইটের লেন্স ঘোলা হয়ে যেতে পারে। হাই বিমে হেডলাইট জ্বালানোর কিছু সময় পর লেন্সে জমে থাকা আদ্রতা দূর হয়ে যাবে। হেডলাইট চালু রেখে ইঞ্জিন চালু করুন।

৪. পরিষ্কার করার পর, মোটরসাইকেলটি ভাল ভাবে প্রচুর পানি দিয়ে ধুয়ে নিন। ক্ষারীয় ডিটারজেন্টের রয়ে যাওয়া অংশ ধাতব সংকর অংশের ক্ষতি করতে পারে।

৫. মোটরসাইকেলটি শুকান, ইঞ্জিন চালু করুন এবং একে কিছু সময়ের জন্য চালু করে রাখুন।

৬. মোটরসাইকেল চালানোর আগে ব্রেক পরীক্ষা করুন। ব্রেকিং ক্রিয়া স্বাভাবিকে ফেরত আনতে কয়েকবার ব্রেক পরিচালনার প্রয়োজন হতে পারে।

৭. পরিষ্কার ও শুকানোর সাথেসাথে ড্রাইভ চেইন লুব্রিকেট করুন। ব্রেকিং ব্রেকিং এর কার্যকারিতা পরিষ্কার করার সাথেসাথে কিছুটা কমে যেতে পারে। সম্ভাব্য দূর্ঘটনা এড়াতে থামানোর বেশি দূরত্ব অনুমান করুন।

শেষ কাজ

আপনার মোটরসাইকেলটি ধোয়ার পরে পরিষ্কারের কাজটি শেষ করার জন্য বাণিজ্যিকভাবে সহজলভ্য স্প্রে ক্লিনার/পোলিশ বা মানসম্মত তরল বা পেস্ট মোম ব্যবহার করুন। মোটরসাইকেল বা অটোমোবাইলের জন্য বিশেষভাবে তৈরি একটি অক্ষতিকারক অনুযায়ী পোলিশ বা মোম প্রয়োগ করুন। যদি আপনার মোটরসাইকেলটির পৃষ্টতল ভাঙ্গা বা ছেড়া হয়, আপনার হোন্ডা ডিলারকে আপনার মোটরসাইকেলটির রং অনুসারে তা রং করতে দিন। যখন আপনার মোটরসাইকেলটি রং করবেন তখন আপনার মোটরসাইকেলটির কালার কোড ব্যবহারে সাবধান হোন (পৃষ্ঠা ৪৫)

রাস্তার লবণ অপসারণ

সড়ক পৃষ্ঠে জমে যাওয়া নিবারণকারী যা শীতের সময় সড়কে স্প্রে করা হয় এবং সমুদ্রের পানি যার কারণে মরিচার সৃষ্টি হয়।

এমন এলাকায় চালানোর পর মোটরসাইকেলটি উল্লেখিত রূপে ধুয়ে ফেলুন।

১. শীতল পানি দিয়ে মোটরসাইকেল পরিষ্কার করুন (পৃষ্ঠা ৭০)। গরম পানি ব্যবহার করবেন না। এটি লবণের প্রভাবকে আরো খারাপ করে।
২. মোটরসাইকেল শুকান দিন এবং মেটাল পৃষ্ঠ মোম ধারা দ্বারা সুরক্ষিত করুন।

স্টোরেজ নির্দেশিকা

দীর্ঘকালীন স্টোরেজের প্রয়োজন হলে যেমন শীতকালে অব্যাবহৃত থাকা অবস্থায় যেন ব্রেক সিস্টেমের কার্যকারিতা হ্রাস না পায় সেজন্য আপনাকে কিছু পদক্ষেপ অবলম্বন করতে হবে। সেই সাথে স্টোরেজের পূর্বে কিছু রিপেয়ার কাজ করতে হবে, অন্যথায় স্টোরেজ থেকে বের করার পর এই রিপেয়ার সম্পর্কে ভুলে যেতে পারেন।

স্টোরেজ

১. ইঞ্জিন অয়েল পরিবর্তন করুন।

২. একটি বাণিজ্যিক সাইফেন (তরল পদার্থ নির্গমনের বক্র-নল বিশেষ) সমমানের কোনটি ব্যবহার করে ফুয়েল ট্যাংক খালি করে অনুমোদিত অকটেন কন্টেইনারে রাখুন। ট্যাংকের ভিতরে একটি মরিচা-প্রতিরোধী অয়েল এরোসল দিয়ে স্প্রে করুন।

স্টোরেজ এক মাসের বেশি হয় তাহলে কার্বোরেটর নিষ্কাশন করা খুব গুরুত্বপূর্ণ।

⚠ সতর্কতা

অকটেন একটি উচ্চ দাহ্য ও বিস্ফোরক। অকটেন নিয়ে কাজ করার সময় আপনি পড়ে যেতে পারেন অথবা মারাত্মকভাবে আহত হবেন।

- ইঞ্জিন বন্ধ করুন এবং তাপ, স্ফুলিঙ্গ ও শিখাসমূহ দূর হতে দিন।
- পুনরায় ফুয়েল ভরার কাজ শুধুমাত্র বাইরে করবেন।
- ঝড়ে পড়া অয়েল সাথে সাথেই মুছে ফেলুন।

৩. **সিলিন্ডারে মরিচা প্রতিরোধের জন্য নিম্নের বিষয় সমূহ অনুসরন করুনঃ**

- স্পার্ক প্লাগ হতে স্পার্ক প্লাগ ক্যাপ অপসারন করুন। ফিতা বা দড়ি ব্যবহার করে যেকোন সুবিধাজনক প্লাস্টিক বডিতে ক্যাপটি নিরাপদে রাখুন যাতে এটি স্পার্ক প্লাগ হতে দূরে থাকে।
- ইঞ্জিন হতে স্পার্ক প্লাগটি অপসারন করুন এবং নিরাপদ স্থানে রাখুন। স্পার্ক প্লাগের সাথে স্পার্ক প্লাগ ক্যাপ এর সংযোগ করবেন না।
- এক চামচ (১৫-২০ সেন্টিমিটার^3) পরিষ্কার ইঞ্জিন অয়েল সিলিন্ডারে ঢালুন এবং এক টুকরো কাপড় দিয়ে স্পার্ক প্লাগ গর্তটি ঢেকে রাখুন।
- তেল বিতরণ করার জন্য ইঞ্জিন বেশ কয়েকবার ক্র্যাংক করুন।
- স্পার্ক প্লাগ এবং স্পার্ক প্লাগ ক্যাপ পুনরায় স্থাপন করুন।

৪. ব্যাটারি অপসারন করুন। সরাসরি সূর্যলোক থেকে সুরক্ষিত একটি এলাকায় স্টোরেজ করুন।

৫. গাড়ি ধৌত করুন এবং শুকান। সকল রংকৃত পৃষ্ঠভূমিতে মোম লাগান। মরীচা নিরোধক তেলের সঙ্গে ক্রোমিয়াম মাখুন।

৬. ড্রাইভ চেইন লুব্রিকেট করুন। (পৃষ্ঠা ৫৭)

৭. টায়ারগুলি তাদের সুপারিশকৃত চাপে বায়ু ভর্তি করুন। ব্লকের সাহায্যে মাটি হতে মোটরসাইকেলটি উপরে তুলুন।

৮. মোটরসাইকেলটি (প্লাস্টিক বা অন্যান্য প্রলিপ্ত সামগ্রী ব্যবহার করবেন না) ঢেকে দিন এবং ঠান্ডা এলাকা, দৈনিক তাপমাত্রার নূন্যতম আদ্রতায় মোটরসাইকেলটি রাখুন। মোটরসাইকেলটি সরাসরি সূর্যালোকের মধ্যে রাখবেন না।

স্টোরেজ থেকে অপসারণ করুন

১. মোটরসাইকেলটির কভার খুলুন এবং পরিষ্কার করুন।

২. যদি সংরক্ষণ অবস্থা ৪ মাসের অধিক হয়ে থাকে তাহলে ইঞ্জিনের অয়েল পরিবর্তন করুন।

৩. ব্যাটারি ভোল্টেজ পরীক্ষা করুন এবং প্রয়োজন অনুযায়ী ব্যাটারি চার্জ দিন। ব্যাটারি স্থাপন করুন।

৪. ফুয়েল ট্যাংক থেকে কোনও অতিরিক্ত এরোসল মরীচা নিরোধক অয়েল নিষ্কাশন করুন। তাজা পেট্রোল দিয়ে ফুয়েল ট্যাংক পূরণ করুন।

৫. সকল আরোহন পূর্ব পরিদর্শন সম্পন্ন করুন (পৃষ্ঠা-৩৫)। ফুয়েল থেকে একটি নিরাপদ দুরুত্বে অল্প গতিতে মোটরসাইকেলটি পরীক্ষা করুন।

স্পেসিফিকেশন

মাত্রা

সামগ্রিক দৈর্ঘ্য	২০১৩ মি মি (৭৯.২ ইঞ্চি)
সামগ্রিক প্রস্থ	৭৮৬ মি মি (৩০.৯ ইঞ্চি)
সামগ্রিক উচ্চতা	১১১৫ মি মি (৪৩.৯ ইঞ্চি)
চাকার বেস	১৩৪৭ মি মি (৫৩.০ ইঞ্চি)

ওজন

শুষ্ক ওজন	১৩৩কেজি (২৯৩.২ পাউন্ড)

ক্ষমতা

ইঞ্জিন অয়েল

ড্রেইনিং এর পর	১.০ লি (১.০ ইউএস কুইন্টাল, ০.৯ ইম্প কুইন্টাল)
ডিসএসেম্বলী করার পর	১.২ লি (১.৩ ইউএস কুইন্টাল, ১.১ ইম্প কুইন্টাল)
ফুয়েল ট্যাঙ্ক	১২.০ লি (৩.১৭ ইউএস গ্যাল, ২.৬৩ ইম্প গ্যাল)
ফুয়েল ট্যাঙ্ক রিজার্ভ	২ লি (০.৫২ ইউএস গ্যাল, ০.৪৪ ইম্প গ্যাল)
যাত্রী ধারণ ক্ষমতা	চালক ও একজন যাত্রী
সর্বোচ্চ ওজন ধারণ ক্ষমতা	১৭০ কেজি (৩৭৪.৮ পাউন্ড)

প্রিডিফাইন্ড স্পিড লিমিট এবিএস ইন্ডিকেটরের জন্য

সিবিএফ১৬০এফএসকে আইডি	১০ কিমি/ঘন্টা (৬ মাইল/ঘন্টা)
সিবিএফ১৬০এফএসকে ৩আইডি	৫ কিমি/ঘন্টা (৩ মাইল/ঘন্টা)

ইঞ্জিন

বোর ও স্ট্রোক		৫৭.৩০ x ৬৩.০৯৬ মি মি (২.২৬ x ২.৪৮ ইঞ্চি)
কম্প্রেশন রেশিও		১০:১
ডিসপ্লেসমেন্ট		১৬২.৭১ সে. মি° (৯ ৯৩ কিউবিক-ইঞ্চি)
স্পার্ক প্লাগ		
স্ট্যান্ডার্ড		CPR8EA-9 (NGK)
স্পার্ক প্লাগ গ্যাপ		০.৮-০.৯ মি মি (০.০৩-০.০৪ ইঞ্চি)
আইডেল গতি		১,৪০০ ± ১০০ / মিনিট$^{-১}$(আর পি এম)
ভালভ ক্লিয়ারেন্স (ঠাণ্ডা)	এনটেক	০.০৮ মি মি (০.০০৩ ইঞ্চি)
	এগজস্ট	০.২৪ মি মি (০.০০৯ ইঞ্চি)

চেসিস ও সাসপেনশন

ক্যাস্টার	২৫° ৪৯'
ট্রেইল দৈর্ঘ্য	৯৫.৮মি মি (৩.৭৭ ইঞ্চি)
টায়ারের আকার, সামনে	৮০/১০০-১৭ M/C ৪৬P
টায়ারের আকার, পিছনে	১৩০/৭০-১৭ M/C ৬২P

পাওয়ার ট্রান্সমিশন

প্রাইমারী রিডাকশন		৩.১৩৬
গিয়ার রেশিও,	প্রথম	৩.০৭৬
	দ্বিতীয়	১.৭৮৯
	তৃতীয়	১.৩০০
	চতুর্থ	১.০৬৬
	পঞ্চম	০.৯১৬
ফাইনাল রিডাকশন		২.৮৬৬

বৈদ্যুতিক

ব্যাটারি	১২ ভোল্ট-৪ অ্যাম্পিয়ার ঘণ্টা (এম.এফ) ETZ ৫
জেনারেটর	০.১৪ কিলো ওয়াট/৫,০০০ মিনিট$^{-১}$ (আর পি এম)

লাইট

হেডলাইট	এল ই ডি
পজিশন লাইট	এল ই ডি
স্টপ/টেইল লাইট	এল ই ডি
লাইসেন্স প্লেট ল্যাম্প	১২ ভোল্ট-৫ ওয়াট
টার্ন সিগন্যাল লাইট	১২ ভোল্ট-১০ ওয়াট x ৪
ইন্সট্রুমেন্ট লাইট	এল ই ডি
ট্যাকোমিটার ল্যাম্প	এল ই ডি
নিউট্রাল ইনডিকেটর	এল ই ডি
টার্ন সিগন্যাল ইন্ডিকেটর	এল ই ডি
হাই বিম ইন্ডিকেটর	এল ই ডি

ফিউজ

মেইন ফিউজ	২০ অ্যাম্পিয়ার
সাব ফিউজ	১৫ অ্যাম্পিয়ার ও ১০ অ্যাম্পিয়ার